আল কুরআন
অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি
• • • • • • • • • • • • • • • • • • •
সঙ্গী-সাথীরা বললো, আমরা রয়েছি আল্লাহর পথে সাহায্যকারী। আমরা আল্লাহর প্রতি ঈমান এনেছি। আর তুমি সাক্ষী থাক যে, আমরা হুকুম কবুল করে নিয়েছি।
সূরা আল ইমরান ৫২

দৈনিক
কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ শুক্রবার ॥ ১০ জুলাই ২০২৬ ॥ ২৫ মহররম ১৪৪৮ ॥ ২৫ আষাঢ় ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৩৯ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সুন্দরভাবে বেঁচে থাকার জন্যই সবুজায়ন জরুরি

কীর্তনখোলা ডেস্ক
প্রধানমন্ত্রী ও বিএনপির চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, সব সৃষ্টি থেকে উপকার ভোগ করতে হলে, মানুষ ২ এর পাতায় দেখুন

সংবিধানে ফিরলো গণভোট ও তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা

কীর্তনখোলা ডেস্ক
বহুল আলোচিত তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলসহ সংবিধানের পঞ্চদশ সংশোধনীতে আনা কয়েকটি বিষয় অবৈধ ২ এর পাতায় দেখুন

আ.লীগ আমলে ক্রসফায়ারে নিহতদের তথ্য প্রকাশে লিগ্যাল নোটিশ

কীর্তনখোলা ডেস্ক
আওয়ামী লীগ (কার্যক্রম নিষিদ্ধ) সরকারের শাসনামলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর পরিচালিত তথাকথিত 'ক্রসফায়ার' ২ এর পাতায় দেখুন

ভারতীয় আগ্রাসনের প্রতিবাদ ও জুলাই সনদ বাস্তবায়নের দাবিতে সমাবেশের ডাক

কীর্তনখোলা ডেস্ক
ভারতীয় আগ্রাসনের প্রতিবাদ ও জুলাই সনদ বাস্তবায়নের দাবিতে সমাবেশ ও গণমিছিল করবে ইসলামী আন্দোলন বাংলাদেশ। ২ এর পাতায় দেখুন

বরিশাল ও পিরোজপুরের সাবেক দুই ডিসির সম্পদের পাহাড়

কীর্তনখোলা ডেস্ক
পর্যটনের জনপ্রিয় গন্তব্য সেন্টমার্টিনে রিসোর্ট, রাজধানীর বঙ্গবাজারে দুই ডজন দোকান, গুলশান, মগবাজার ও মিরপুরের অভিজাত এলাকায় একাধিক ফ্ল্যাট, সরকারি চাকরিবিধি লঙ্ঘন করে ব্যবসা প্রতিষ্ঠান এবং কোটি কোটি টাকার সম্পদের পাহাড়। মাত্র প্রায় ৯০ হাজার টাকা বেতনের সরকারি চাকরি করেও এমন বিপুল সম্পদের মালিক হওয়ার পেছনে রয়েছে দুর্নীতি, কর ফাঁকি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) বিশেষায়িত আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিটের প্রাথমিক অনুসন্ধানে এমন তথ্য উঠে এসেছে। তদন্ত সংশ্লিষ্ট সূত্রের দাবি, ২০১৮ সালের বিতর্কিত জাতীয় সংসদ নির্বাচনে কথিত 'রাতের ভোট' বাস্তবায়নে ভূমিকা রাখার অভিযোগে তৎকালীন বরিশাল ও পিরোজপুরের জেলা প্রশাসক (ডিসি) হিসেবে দায়িত্ব পালনকারী কয়েকজন কর্মকর্তার বিরুদ্ধে বিপুল অবৈধ সম্পদ অর্জন, কর ফাঁকি ও অর্থপাচারের তথ্য মিলেছে। অনুসন্ধানে জানা গেছে, জনগণের করের টাকায় বেতনভুক্ত এসব কর্মকর্তা ক্ষমতার অপব্যবহার করে নির্বাচনী প্রক্রিয়ায় প্রভাব বিস্তার, প্রার্থীদের সুবিধা দেওয়া এবং বিনিময়ে বিপুল অর্থ গ্রহণের মাধ্যমে নামে-বেনামে সম্পদ গড়েছেন বলে অভিযোগ রয়েছে। অন্তর্বর্তী সরকারের সময় তাদের অনেককে ওএসডি করা হলেও, অভিযোগ রয়েছে বর্তমানে কেউ কেউ রাজনৈতিক পরিচয় বদলে চাকরিতে পুনর্বহালের চেষ্টা করছেন। বরিশালের সাবেক জেলা প্রশাসক অজিয়র রহমানের বিরুদ্ধে বিপুল সম্পদ গোপন ও কর ফাঁকির অভিযোগ উঠেছে। তার আয়কর নথিতে রাজধানীর মগবাজারের ওয়েসিস প্রজেক্টে ২ হাজার ৫০ বর্গফুটের একটি ফ্ল্যাটের মূল্য ৯৩ লাখ টাকা উল্লেখ করা হলেও তদন্তে জানা যায়, ফ্ল্যাটটির জন্য তিনি ডেভেলপারকে নগদ ১ কোটি ৭৯ লাখ টাকা পরিশোধ করেন এবং প্রকৃত ক্রয়মূল্য ছিল ২ কোটি ৫৪ লাখ ৯৪ হাজার টাকা। ফলে এক ফ্ল্যাটেই প্রায় ১ কোটি ৬১ লাখ টাকার তথ্য গোপন করা হয়েছে বলে তদন্তকারীদের ধারণা। তদন্তে আরও উঠে এসেছে, অজিয়র রহমানের নামে বা সংশ্লিষ্ট ব্যক্তিদের নামে রাজধানীর বঙ্গবাজারে অন্তত ২০টি দোকান রয়েছে। প্রতিটির গড় মূল্য ৩০ লাখ টাকা ধরে মোট মূল্য দাঁড়ায় প্রায় ৬ কোটি টাকা। এ ছাড়া সেন্টমার্টিনে 'সীমানা পেরিয়ে' নামে একটি রিসোর্ট রয়েছে বলে তদন্তকারীদের দাবি। ১৪টি কক্ষ ও একটি রেস্টুরেন্টসমৃদ্ধ ওই রিসোর্ট নির্মাণে ৫ কোটি টাকার বেশি ব্যয় হয়েছে বলে ধারণা করা হচ্ছে। তদন্তকারীরা ২ এর পাতায় দেখুন

প্রাথমিক বৃত্তির ফল হয়নি, সম্ভাব্য সময় আগামী রোববার

কীর্তনখোলা ডেস্ক
কয়েক দফা পিছিয়ে গতকাল বৃহস্পতিবার (৯ জুলাই) প্রকাশের কথা থাকলেও আবারও পেছাল ২০২৫ সালের প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফল। পূর্বনির্ধারিত পরিকল্পনা অনুযায়ী গতকাল সকাল ১০টা অথবা বেলা ১২টায় আনুষ্ঠানিকভাবে এই ফল প্রকাশের কথা থাকলেও শেষ পর্যন্ত স্থগিত করা হয়েছে। তবে আগামী রোববার (১২ জুলাই) এই ফল প্রকাশ হতে পারে বলে জানা গেছে। বৃহস্পতিবার দুপুরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের শিক্ষা কর্মকর্তা (সাধারণ প্রশাসন) মো. আব্দুর রেজ্জাক সিদ্দিকী এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, ফল প্রকাশের জন্য সব ধরনের কারিগরি প্রস্তুতি নেওয়া হলেও চূড়ান্ত অনুমোদনের প্রক্রিয়া বাকি থাকায় আজ তা সম্ভব হচ্ছে না। এ ব্যাপারে মূল কাজটি করছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের তথ্য ব্যবস্থাপনা বিভাগ (আইএমডি)। সফটওয়্যার ও কারিগরি দল বুধবার রাত ১২টা পর্যন্ত কাজ করে ফল প্রক্রিয়াকরণের কাজ চূড়ান্ত করেছে। তবে আজ আর ফল প্রকাশ করা হচ্ছে না। মন্ত্রণালয়ের চূড়ান্ত সিদ্ধান্ত ও সময়ের ওপর ভিত্তি করেই ২ এর পাতায় দেখুন

প্রধানমন্ত্রীর বরিশাল সফর ঘিরে ব্যাপক প্রস্তুতি

কীর্তনখোলা রিপোর্ট
আগামী ১৩ জুলাই প্রধানমন্ত্রী তারেক রহমানের বরিশাল সফরকে কেন্দ্র করে প্রশাসন ও বিএনপির পক্ষ থেকে জোরদার প্রস্তুতি শুরু হয়েছে। সফর সফল ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন করার পাশাপাশি প্রধানমন্ত্রীর নির্ধারিত বৃক্ষরোপণ কর্মসূচি বাস্তবায়নে বৃহস্পতিবার (৯ জুলাই) দিনব্যাপী একাধিক প্রস্তুতিমূলক কার্যক্রম অনুষ্ঠিত হয়। সকালে বরিশাল জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভায় প্রধানমন্ত্রীর সফরসূচি, সার্বিক নিরাপত্তা, আইনশৃঙ্খলা, যানবাহন চলাচল, জনসমাগম ব্যবস্থাপনা এবং সামগ্রিক আয়োজন নিয়ে বিস্তারিত আলোচনা ও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় উপস্থিত ছিলেন বরিশাল বিভাগীয় কমিশনার মো. খলিল আহমেদ, বরিশাল রেঞ্জের ডিআইজি মো. মোস্তাফিজুর রহমান, বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক ও বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন, বরিশাল জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান, জেলা প্রশাসক মামুন খন্দকারসহ ২ এর পাতায় দেখুন

যুগ্ম-সচিব পদে ১৭২ কর্মকর্তার পদোন্নতি

কীর্তনখোলা ডেস্ক
১৭২ জন উপসচিবকে যুগ্ম-সচিব পদে পদোন্নতি দিয়েছে সরকার। বিএনপি সরকার গঠন করার পর প্রশাসনে এটিই প্রথম বড় পদোন্নতি। বৃহস্পতিবার (৯ জুলাই) জনপ্রশাসন মন্ত্রণালয়ে থেকে এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হয়েছে। পদোন্নতি পাওয়া কর্মকর্তাদের জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হয়েছে। তবে নতুন যুগ্ম-সচিবদের পদায়ন করে আদেশ জারি করা হয়নি। প্রজ্ঞাপনে বলা হয়, যুগ্ম-সচিব পদে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তারা তাদের যোগদানপত্র সরাসরি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর বা অনলাইনে ই-মেইলে (sa1@mopa.gov.bd) পাঠাতে পারবেন। পদোন্নতির আদেশে উল্লেখিত কর্মস্থল থেকে ২ এর পাতায় দেখুন

নগরীর কেডিসি ক্ষুদ্র ব্যবসায়ীদের 'আপন ঠিকানা' মার্কেটের উদ্বোধন করেন বিসিসি প্রশাসক এ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট লঘুচাপের প্রভাবে দক্ষিণাঞ্চলে লাগাতার বর্ষণ

কীর্তনখোলা রিপোর্ট
বর্ষা মৌসুমের মধ্যভাগ পর্যন্ত কাঙ্ক্ষিত বৃষ্টির আকালের মধ্যেই আষাঢ়ের শেষভাগে বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট লঘু চাপের প্রভাবে লাগাতার বর্ষণে বরিশাল সহ সমগ্র দক্ষিণাঞ্চলের প্রধান দানাদার খাদ্য ফসল আমন বীজতলা সহ গ্রীষ্মকালীন সবজি মারাত্মক ঝুঁকির মুখে। গত ৪ দিনের এ টানা বর্ষণে জনজীবনও বিপর্যস্ত। তবে মেঘনা, তেঁতুলিয়া, বলেশ্বর, কচা, পায়রা ও বিষখালী সহ এ অঞ্চলের ২ এর পাতায় দেখুন

ইরান-ইসরায়েল যুদ্ধে মধ্যপ্রাচ্যে ১২ বাংলাদেশি নিহত

কীর্তনখোলা ডেস্ক
ইরান যুদ্ধকে কেন্দ্র করে এ পর্যন্ত ১২ জন বাংলাদেশি মারা গেছেন বলে জানিয়েছেন প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মন্ত্রী আরিফুল হক চৌধুরী। তাদের মধ্যে লেবাননে ৫ জন, সৌদি আরবে তিনজন, সংযুক্ত আরব আমিরাতে দুজন এবং ইরাক ও বাহরাইনে একজন করে বাংলাদেশি মৃত্যুবরণ করেছেন। বৃহস্পতিবার (৯ জুলাই) বিকেলে জাতীয় সংসদ অধিবেশনে তিনি এ তথ্য জানান। অধিবেশনে সভাপতিত্ব করছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ বীরবিক্রম। আরিফুল হক চৌধুরী বলেছেন, মধ্যপ্রাচ্যের যুদ্ধ পরিস্থিতিতে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের অর্থায়নে ইরান থেকে ১২ জন নারী ও আটজন শিশুসহ মোট ২ এর পাতায় দেখুন

বরিশাল মেট্রোপলিটন পুলিশ কমিশনার আশিক সাঈদকে বদলিজনিত বিদায়ী সংবর্ধনা জানান পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ -কীর্তনখোলা

বরিশালে স্বাস্থ্য পরিচালকের অপসারণ দাবিতে মূল ফটকে তালা

কীর্তনখোলা রিপোর্ট
জুলাই বিরোধী আখ্যা দিয়ে বরিশাল বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. এসএম মনিরুজ্জামান শাহীনের পদায়ন বাতিলের দাবিতে টানা তৃতীয় দিনের মতো আন্দোলন করছে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজের শিক্ষার্থীরা। বৃহস্পতিবার (৯ জুলাই) দুপুরে আন্দোলনকারীরা কার্যালয়ের পরিচালকের কক্ষের দরজায় লাগানো তালা ও হাতল ভাঙা অবস্থায় দেখতে পেয়ে ক্ষুব্ধ হয়ে কার্যালয়ের মূল ফটকে তালা ঝুলিয়ে দেন। এতে উপপরিচালকসহ কর্মকর্তা-কর্মচারীরা কার্যালয়ের ভেতরে অবরুদ্ধ হয়ে পড়েন এবং দাপ্তরিক কার্যক্রম স্থবির হয়ে যায়। আন্দোলনকারীরা জানান, জুলাই আন্দোলন বিরোধী শান্তি সমাবেশে নেতৃত্ব দেওয়া ব্যক্তিকে বরিশাল বিভাগের স্বাস্থ্য ২ এর পাতায় দেখুন

মাদক মামলার আসামিকে কেন্দ্র করে
আগৈলঝাড়ায় পুলিশ-জনতার সংঘর্ষে আহত ১২

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়া উপজেলায় চুরির মামলার আসামিকে ছাড়িয়ে নিতে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে দুজন পুলিশ সদস্যসহ উভয় পক্ষের কমপক্ষে ১২ জন আহত হওয়ার খবর পাওয়া গেছে। বৃহস্পতিবার (৯ জুলাই) বিকেলে আগৈলঝাড়া থানায় এ ঘটনা ঘটে। জানা গেছে, বাকাল ইউনিয়নের ফুল্লশ্রী গ্রামের মো. ছিদ্দিক ফকিরের ছেলে একাধিক মামলার আসামি রিয়াজ ফকিরকে চুরির মামলায় বুধবার সন্ধ্যায় গ্রেপ্তার করে পুলিশ। বৃহস্পতিবার বিকেলে রিয়াজ ফকিরের মৃত্যুর গুজব এলাকায় ছড়িয়ে ২ এর পাতায় দেখুন



গৌরনদীর সাবেক মেয়র হারিছ কারামুক্ত

গৌরনদী প্রতিনিধি
গৌরনদী উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও পৌরসভার সাবেক মেয়র হারিছুর রহমান জামিনে কারামুক্ত হয়েছেন। প্রায় ২১ মাস পর তিনি বরিশাল কেন্দ্রীয় কারাগার থেকে জামিনে মুক্ত হন। এর আগে ২০২৪ সালের অক্টোবরে ঢাকার রামপুরা থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। তার বিরুদ্ধে গৌরনদী মডেল থানায় একাধিক মামলা রয়েছে। ওই মামলায় তিনি কারাগারে ছিলেন। একাধিক আওয়ামী লীগ নেতারা জানিয়েছেন, বুধবার (৮ জুলাই) হাইকোর্ট থেকে বরিশাল কেন্দ্রীয় কারাগারে জামিনের আদেশ এলে অত্যন্ত গোপনীয়তা ও সতর্কতার মধ্যে দিয়ে কারাগার থেকে হারিছুর রহমানকে বের করা হয়। জামিনের বিষয়টি নিশ্চিত করে বরিশাল কেন্দ্রীয় কারাগারের জেলার আবু ইউসুফ বলেন, ১০টি মামলার মধ্যে ৮টি মামলায় স্থানীয় আদালত থেকে জামিন পেয়েছেন হারিছুর রহমান। বুধবার বাকি দুইটি মামলায় হাইকোর্ট থেকে তিনি জামিন পান। জামিনের আদেশ কারাগারে ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, বাউফল, আমতলী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

দুর্ভোগ কমাতে হবে

জাতীয় পরিচয়পত্র বা এনআইডি এখন নানা জরুরি কাজে ব্যবহৃত হয়। ব্যাংক অ্যাকাউন্ট খোলা, পাসপোর্ট তৈরি, জমি কেনাবেচা, সরকারি ভাতা গ্রহণ থেকে শুরু করে মোবাইল সিম কার্ড কেনা পর্যন্ত জীবনের প্রতিটি ক্ষেত্রে এনআইডি অপরিহার্য। কিন্তু পরিতাপের বিষয় হলো, কোটি কোটি নাগরিকের এই গুরুত্বপূর্ণ সনদে রয়ে গেছে অসংখ্য তথ্যবিভ্রাট। আর এই ভুলের খেসারত দিতে হচ্ছে সাধারণ মানুষকে। একটি তথ্য সংশোধন করতে গেলে নাগরিকদের মাসের পর মাস, বছরের পর বছর দুর্ভোগ পোহাতে হয়। এ ছাড়া রয়েছে দালালচক্রের দৌরাত্ম্য। অভিযোগ রয়েছে, সুযোগ বুঝে সংশ্লিষ্ট কর্মকর্তারাও মোটা অঙ্কের ঘুষ দাবি করেন। খবরে জানা গেছে, এনআইডিতে একটি ভুল তথ্য সংশোধন করতে গিয়ে এক ব্রিটিশ-বাংলাদেশির পাঁচ বছর লেগেছে। ভুক্তভোগী সাবুল মিয়া এক-দুবার নয়, মোট চারবার আবেদন করেছেন। প্রতিবারই নতুন নতুন নথিপত্র চাওয়া হয়েছে। বারবার আশ্বাস দেওয়া হয়েছে, 'কাজ হয়ে যাবে'; কিন্তু কাজ হয়নি। এ জন্য তাঁকে বারবার যুক্তরাজ্য থেকে বাংলাদেশে ছোটাছুটি করতে হয়েছে। অথচ তাঁর এনআইডিতে ভুল ছিল মাত্র একটি। তাঁর প্রকৃত বয়স ৮৭, কিন্তু এনআইডিতে লেখা হয় ৭৮। এতে তাঁর বয়স ৯ বছর কমে যায়। এই ভুল সংশোধনের জন্য তিনি প্রথমে যান সিলেট আঞ্চলিক নির্বাচন কার্যালয়ে। সেখানেই তাঁকে পাঁচ বছর নাকানিচুবানি খেতে হয়েছে। অবশেষে চলতি বছর ২৪ মে নির্বাচন কমিশনের প্রধান কার্যালয়ে তাঁর কাজ সম্পন্ন হয়। খোঁজ নিলে দেখা যাবে, সাবুল মিয়ার মতো তিক্ত অভিজ্ঞতা অনেকেরই। এখন ডিজিটাল যুগ। নানা ক্ষেত্রে আগের তুলনায় গতি এসেছে। সঠিক তথ্য যাচাই-বাছাইয়ের অনেক সুযোগ তৈরি হয়েছে। এই সময়ে এসে জাতীয় নাগরিকত্ব সনদ সংশোধনের প্রক্রিয়ায় এত অব্যবস্থাপনা, এত মন্থরগতি মেনে নেওয়া যায় না। এনআইডি সংশোধনের পুরো প্রক্রিয়াকে আরো সহজ, স্বচ্ছ এবং সম্পূর্ণ অনলাইনভিত্তিক করা এখন সময়ের দাবি। ভুলের ধরন অনুযায়ী ক্যাটাগরি ভাগ করে একটি নির্দিষ্ট সময়সীমা ১৫ বা ৩০ দিন বেঁধে দেওয়া যেতে পারে। এই সময়ের মধ্যে আবেদনটি নিষ্পত্তি করতে কর্মকর্তারা বাধ্য থাকবেন। ওয়াকিফহাল মহলের অভিমত, এমন পদক্ষেপ ছাড়া সাধারণ মানুষের ভোগান্তি কমবে না। আমরা আশা করি, সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিষয়টি অত্যন্ত গুরুত্বের সঙ্গে বিবেচনা করবে এবং জাতীয় পরিচয়পত্র সংশোধনে একটি কার্যকর ও নাগরিকবান্ধব ব্যবস্থা গড়ে তুলবে।

ভারতীয় আগ্রাসনের প্রতিবাদ

শুক্রবার (১০ জুলাই) বাদ জুমা রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে এ কর্মসূচি পালন করা হবে। গণমিছিলে নেতৃত্ব দেবেন দলের সিনিয়র নায়েবে আমির মুফতি সৈয়দ মোহাম্মদ ফয়জুল করীম। বৃহস্পতিবার (৯ জুলাই) ইসলামী আন্দোলন বাংলাদেশের প্রচার ও দাওয়াহ সম্পাদক শফিকুল ইসলাম এসব তথ্য জানান। তিনি বলেন, সমাবেশ সফল করার লক্ষ্যে ঢাকা মহানগরীর থানাগুলোতে পৃথক পৃথক প্রস্তুতিসভা হয়েছে। এসব সভায় নগর দক্ষিণের সভাপতি মাওলানা আহমদ আবদুল কাইয়ূম, সেক্রেটারি মো. আব্দুল আউয়াল মজুমদার, সহ-সভাপতি আলতাফ হোসেন, আনোয়ার হোসেন, এম এইচ মেস্তফাসহ নগর নেতারা অংশ নেন। এদিকে শুক্রবারের সমাবেশ ও গণমিছিল সফল করার আহ্বান জানিয়েছেন আহমদ আবদুল কাইয়ূম ও আব্দুল আউয়াল মজুমদার। এক বিবৃতিতে তারা বলেন, জুলাই সনদ বাস্তবায়ন না করলে দেশে নতুন করে সংকট সৃষ্টি হবে। জুলাই বিপ্লবকে অস্বীকার করার কোনো সুযোগ নেই। নেতারা আরও বলেন, ভারত প্রতিবেশী রাষ্ট্র হয়েও প্রতিবেশীর আচরণ করতে ব্যর্থ হয়েছে। তাদের আচরণ বড় ভাইসুলভ। ভারতের আধিপত্য বাংলাদেশের জন্য মহাসংকট সৃষ্টি করবে। ভারত তাদের নগ্ন থাবা বিস্তার করে বাংলাদেশকে তাদের করদরাজ্যে পরিণত করার ষড়যন্ত্র করছে। তাদের সব ষড়যন্ত্র দেশপ্রেমিক ঈমানদার জনতা রুখে দিতে প্রস্তুত রয়েছে। নেতারা সমাবেশ সফলের জন্য ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণের সব স্তরের নেতাকর্মীসহ দেশপ্রেমিক ঈমানদার জনতার প্রতি আহ্বান জানিয়েছেন।

আ.লীগ আমলে ক্রসফায়ারে

'বন্দুকযুদ্ধ' বা অন্যান্য অভিযানে নিহত ব্যক্তিদের সম্পর্কিত সরকারি তথ্য প্রকাশের জন্য লিগ্যাল নোটিশ পাঠানো হয়েছে। স্বরাষ্ট্র সচিব, আইজিপি, র?্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‌্যাব) মহাপরিচালক, বিজিবির মহাপরিচালক ও ডিএমপি কমিশনারকে এ নোটিশ পাঠানো হয়েছে। বৃহস্পতিবার (৯ জুলাই) সুপ্রিম কোর্টের আইনজীবী ও ন্যাশনাল লইয়ার্স কাউন্সিলের চেয়ারম্যান অ্যাডভোকেট এস. এম. জুলফিকার আলী জুনু এ নোটিশ পাঠান। নোটিশ পাওয়ার ১৪ দিনের মধ্যে এসব তথ্য প্রকাশ করতে বলা হয়। অন্যথায় হাইকোর্টে রিট আবেদন করা হবে বলে হুঁশিয়ারি দেওয়া হয়েছে। নোটিশে বলা হয়েছে- 'আওয়ামী লীগ সরকারের শাসনামলে তথাকথিত 'ক্রসফায়ার', 'বন্দুকযুদ্ধ', 'এনকাউন্টার' বা অনুরূপ অভিযানে সরকারি রেকর্ড অনুযায়ী মোট কতজন ব্যক্তি নিহত হয়েছেন, তার পূর্ণাঙ্গ তালিকা প্রকাশ করতে হবে।' নিহত প্রত্যেক ব্যক্তির নাম, পিতা-মাতার নাম, ঠিকানা, পরিচয় এবং প্রতিটি ঘটনার তারিখ, সময় ও সুনির্দিষ্ট স্থান নোটিশে জানতে চাওয়া হয়েছে। অভিযানের বিস্তারিত তথ্য চেয়ে নোটিশে বলা হয়, 'কোন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর অভিযানে কে নিহত হয়েছেন, সেই অভিযানে নেতৃত্বদানকারী কর্মকর্তা এবং অংশগ্রহণকারী কর্মকর্তা ও সদস্যদের নাম, পদবি ও কর্মস্থলের বিবরণ প্রকাশ করতে হবে।' এ ছাড়া প্রতিটি ঘটনার প্রাথমিক তথ্য বিবরণী (এফআইআর), সাধারণ ডায়েরি (জিডি), সুরতহাল ও ময়নাতদন্ত প্রতিবেদন এবং ম্যাজিস্ট্রেট বা বিভাগীয় তদন্তের বর্তমান অবস্থা ও ফলাফল জানতে চেয়েছেন এই আইনজীবী। তদন্তে কোনো হত্যাকাণ্ড প্রমাণিত হলে কী ব্যবস্থা নেওয়া হয়েছে, তা জানতে চেয়ে নোটিশে বলা হয়, 'সরকারি তদন্ত বা বিচারিক অনুসন্ধানে কোনো ঘটনাকে বেআইনি বা বিচারবহির্ভূত হত্যা হিসেবে চিহ্নিত করা হয়ে থাকলে, তার বিবরণ দিতে হবে। পাশাপাশি কোনো সদস্যের বিরুদ্ধে বিভাগীয়, প্রশাসনিক বা ফৌজদারি ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকলে তার বর্তমান অবস্থা এবং চূড়ান্ত ফলাফল জানাতে হবে।' এসব ঘটনায় নিহত ব্যক্তিদের পরিবারকে কোনো ক্ষতিপূরণ, পুনর্বাসন বা সহায়তা দেওয়া হয়েছে কি না, নোটিশে সেটিও জানতে চাওয়া হয়েছে। একই সঙ্গে ভবিষ্যতে এ ধরনের ঘটনা প্রতিরোধে সরকারের গৃহীত নীতিমালা বা সংস্কারমূলক পদক্ষেপের বিবরণ চাওয়া হয়েছে। নোটিশের শেষাংশে হুঁশিয়ারি দিয়ে বলা হয়েছে, আগামী ১৪ দিনের মধ্যে এসব তথ্য সরবরাহ না করা হলে অথবা 'আইনানুগ ও সন্তোষজনক জবাব' না পেলে আইনি প্রতিকার চেয়ে হাইকোর্টে রিট দায়ের করা হবে।

সংবিধানে ফিরলো গণভোট

ঘোষণা করে দেওয়া হাইকোর্টের রায় বহাল রেখেছেন আপিল বিভাগ। এর ফলে সংবিধানে গণভোট ও তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা ফিরল বলে জানিয়েছেন আইনজীবীরা। বৃহস্পতিবার (৯ জুলাই) সকাল সাড়ে ৯ টায় প্রধান বিচারপতির নেতৃত্বে চার বিচারপতির আপিল বেঞ্চ এ রায় ঘোষণা করেন। হাইকোর্টের রায়ের বিরুদ্ধে রিটকারীদের আপিল খারিজ করে সর্বোচ্চ আদালত এ রায় দিলেন। আদালতে রাষ্ট্রপক্ষে ছিলেন অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার মো. রুহুল কুদ্দুস কাজল। রিটের পক্ষে ছিলেন ড. শরীফ ভূঁইয়া এবং রিটে পক্ষ হওয়া জামায়াতে ইসলামীর পক্ষে ছিলেন অ্যাডভোকেট মোহাম্মদ শিশির মনির। রায়ের পর আইনজীবী ড. শরীফ ভূঁইয়া ও অ্যাডভোকেট মোহাম্মদ শিশির মনির বলেন, আজকের রায় ঐতিহাসিক। গত বছরের ১৩ নভেম্বর বহুল আলোচিত তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলসহ সংবিধানের পঞ্চদশ সংশোধনীতে আনা কয়েকটি বিষয় অবৈধ ঘোষণা করে হাইকোর্টের রায়ের বিরুদ্ধে আপিলের অনুমতি দেন সর্বোচ্চ আদালত। প্রধান বিচারপতি ড. সৈয়দ রেফাত আহমেদের নেতৃত্বাধীন আপিল বিভাগ এ আদেশ দেন। সেদিন আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন আইনজীবী ড. শরীফ ভূঁইয়া। রাষ্ট্রপক্ষে শুনানি করেন অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার অনীক আর হক। এর আগে গত বছরের ৩ নভেম্বর তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলসহ সংবিধানের পঞ্চদশ সংশোধনীতে আনা কয়েকটি বিষয় অবৈধ ঘোষণা করে হাইকোর্টের রায়ের বিরুদ্ধে লিভ টু আপিল দায়ের করা হয়। আপিলে পঞ্চদশ সংশোধনীর পুরোটা বাতিল চাওয়া হয়। রিটকারী সুজনের সম্পাদক বদিউল আলম মজুমদারের পক্ষে আইনজীবী ড. শরীফ ভূঁইয়া এ আপিল দায়ের করেন। এর আগে ২০২৪ সালের ১৭ ডিসেম্বর তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিলসহ সংবিধানের পঞ্চদশ সংশোধনীতে আনা কয়েকটি বিষয় অবৈধ ঘোষণা করেন হাইকোর্ট। একইসঙ্গে সংবিধানে গণভোটের বিধান ফিরিয়ে আনেন উচ্চ আদালত। তবে পঞ্চদশ সংশোধনী পুরোটা বাতিল করা হয়নি এই রায়ে। আদালত রায়ের পর্যবেক্ষণে বলেছেন, গণতন্ত্র হচ্ছে আমাদের সংবিধানের মৌলিক কাঠামোর অংশ। এই গণতন্ত্র বিকশিত হয় অবাধ, সুষ্ঠু ও নিরপক্ষে এবং প্রভাবমুক্ত নির্বাচনের মধ্য দিয়ে। কিন্তু দলীয় সরকারের অধীনে বিগত তিনটি সংসদ নির্বাচনে জনগণের ইচ্ছার কোনো প্রতিফলন হয়নি। দলীয় সরকারের অধীনে সুষ্ঠু নির্বাচনের আত্মবিশ্বাস জনগণের মধ্যে জন্ম নেয়নি। যার ফলশ্রুতিতে হয়েছে জুলাই গণঅভ্যুত্থান। রায়ে হাইকোর্ট বলেছেন, তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা জনগণের অভিপ্রায় অনুযায়ী সংবিধানে অন্তর্ভুক্ত হয়েছিল এবং এটি সংবিধানের মৌলিক কাঠামোর অংশে পরিণত হয়েছে। রায়ে আদালত বলেন, পঞ্চদশ সংশোধনী আইন পুরোটা বাতিল করা হচ্ছে না। বাকি বিধানগুলোর বিষয়ে আগামী জাতীয় সংসদ আইন অনুসারে জনগণের মতামত নিয়ে সংশোধন, পরিমার্জন ও পরিবর্তন করতে পারবে। এর মধ্যে জাতির পিতার স্বীকৃতির বিষয়, ২৬ মার্চের ভাষণের বিষয়গুলো রয়েছে। গণভোটের বিষয়ে রায়ে হাইকোর্ট বলেন, গণভোটের বিধান বিলুপ্ত করা হয়, যেটি সংবিধানের ১৪২ অনুচ্ছেদের অংশ ছিল। এ বিধান বিলুপ্তি সংক্রান্ত পঞ্চদশ সংশোধনী আইনের ৪৭ ধারা সংবিধানের মৌলিক কাঠামোর সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ হওয়ায় বাতিল ঘোষণা করা হলো। ফলে দ্বাদশ সংশোধনীর ১৪২ অনুচ্ছেদ পুনর্বহাল করা হলো। হাইকোর্টের রায়ে ৭ ক, ৭ খ এবং ৪৪ (২) অনুচ্ছেদও বাতিল করা হয়েছে। ৭ ক অনুচ্ছেদে সংবিধান বাতিল, স্থগিতকরণ, ইত্যাদি অপরাধ এবং ৭ খ সংবিধানের মৌলিক বিধানাবলি সংশোধন অযোগ্য করার কথা বলা ছিল। এদিকে ৪৪ অনুচ্ছেদে মৌলিক অধিকার বলবৎকরণ বিষয়ে বলা আছে। এই অনুচ্ছেদের ২ ধারা বলছে, এই সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীন হাইকোর্ট বিভাগের ক্ষমতার হানি না ঘটিয়ে সংসদ আইনের দ্বারা অন্য কোনো আদালতকে তার এখতিয়ারের স্থানীয় সীমার মধ্যে ওইসব বা এর যে কোনো ক্ষমতা প্রয়োগের ক্ষমতা দান করতে পারবেন। এই অনুচ্ছেদটি বাতিল ঘোষণা করা হয়েছে রায়ে। ২০২৪ সালের ১৯ আগস্ট তত্ত্বাবধায়ক সরকার বাতিল করে সংবিধানের পঞ্চদশ সংশোধনী কেন অবৈধ হবে না তা জানতে চেয়ে রুল জারি করেন হাইকোর্ট। বিচারপতি নাইমা হায়দার ও বিচারপতি শশাঙ্ক শেখর সরকারের হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেছিলেন। সুজনের সম্পাদক ড. বদিউল আলম মজুমদারসহ অন্যদের রিট আবেদনের শুনানি নিয়ে আদালত এ রুল জারি করেন। পরে রুলে পক্ষভুক্ত হন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। এছাড়া ইনসানিয়াত বিপ্লব, গণফোরাম ও চার আবেদনকারী রুলে ইন্টারভেনর হিসেবে পক্ষভুক্ত হন। ২০১১ সালের ৩০ জুন জাতীয় সংসদে পঞ্চদশ সংশোধনী পাস হয়। এই সংশোধনীর মাধ্যমে শেখ মুজিবুর রহমানকে জাতির জনক হিসেবে স্বীকৃতি দেওয়া হয়। এই সংশোধনীর দ্বারা তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থা বাতিল করা হয়। এছাড়া জাতীয় সংসদে নারীদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা ৪৫-এর স্থলে ৫০ করা হয়। এছাড়া আরও বেশকিছু বিষয়ে সংশোধনী আনা হয়।

সুন্দরভাবে বেঁচে থাকার

হিসেবে আমাদের অবশ্যই কিছু দায়িত্ব এবং কর্তব্য রয়েছে। যথানিয়মে সব সৃষ্টির যত্ন এবং পরিচর্যা করা মানব সমাজের দায়িত্ব। তিনি বলেন, বিজ্ঞানের উৎকর্ষতার সঙ্গে সঙ্গে এটি প্রমাণিত সত্য, বাস্তুতন্ত্র বা ইকোসিস্টেমের সঙ্গে মানব সমাজের সম্পর্ক গভীর এবং অবিচ্ছেদ্য। বাস্তুতন্ত্রের নিরাপদ লালন এবং বিকাশের সঙ্গে মানব সমাজের নিরাপদ বেড়ে ওঠা ওতপ্রোতভাবে জড়িত। সুতরাং, আজকের এই পরিবেশ মেলা কিংবা বৃক্ষমেলার আয়োজন, এটি কিন্তু বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মের সুন্দর ও সুস্থভাবে বেড়ে ওঠার জন্য একটি নিরাপদ বিনিয়োগ বলেই আমি মনে করি। বৃহস্পতিবার (৯ জুলাই) রাজধানীর আগারগাঁওয়ে চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে বিশ্ব পরিবেশ দিবস ও পরিবেশ মেলা এবং জাতীয় বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা-২০২৬ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, বৃক্ষরোপণের প্রয়োজনীয়তা এবং উপকারিতা নিয়ে নতুন করে বেশি কিছু বলার নেই। বৃক্ষরোপণ কিংবা সবুজায়নের গুরুত্ব সম্পর্কে আমরা সবাই কম বেশি অবগত। আপনার-আমার-আমাদের আগামী প্রজন্মের সুন্দরভাবে বেঁচে থাকার জন্যই সবুজায়ন জরুরি। একটি সন্তান পৃথিবীতে জন্মগ্রহণ করলে, আসুন আমরা একটি করে গাছ লাগানোর মধ্য দিয়ে প্রতিটি প্রাণের জন্মকে উদযাপন করি, স্মরণীয় করে রাখি। একজন নবজাতকের পাশাপাশি একটি গাছও বেড়ে উঠুক। এভাবেই এগিয়ে যাক সবুজায়নের জন্য সামাজিক আন্দোলন। তারেক রহমান বলেন, সবুজায়নের সামাজিক আন্দোলনের পাশাপাশি পরিবেশ সংরক্ষণে সরকারিভাবেও নানা উদ্যোগ নেওয়া হয়েছে। বর্তমান সরকার শিক্ষাপ্রতিষ্ঠানে গ্রিন ভলান্টিয়ারিজম চালু করার পদক্ষেপ গ্রহণ করেছে। একইসঙ্গে ক্লাইমেট ইয়ুথ ফেলোশিপ চালু এবং এনভায়রনমেন্ট স্টার্ট-আপ ফান্ডসহ বেশ কিছু ইতিবাচক উদ্যোগ নিয়েছে। তিনি বলেন, সরকারের নেওয়া উদ্যোগগুলো সফলভাবে বাস্তবায়িত হলে বর্তমান এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্যে একটি নিরাপদ, স্বাস্থ্যকর ও সবুজ বাংলাদেশ গঠন অসম্ভব নয়। বর্তমান সরকার পাঁচ বছরে নতুন করে ২৫ কোটি গাছ রোপণের কর্মসূচি নিয়েছে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, তবে ইচ্ছেমতো গাছ রোপণ করলেই উদ্দেশ্য সাধিত হবে না। বরং কোন পরিবেশে, কোন প্রকারের মাটিতে, কি ধরনের আবহাওয়ায়, কোন প্রজাতির গাছ রোপণ করা দরকার, এগুলো-পরীক্ষা নিরীক্ষা খুবই গুরুত্বপূর্ণ একটি বিষয়। যেমন ইউক্যালিপটাস কিংবা আকাশমণি প্রজাতির গাছ দ্রুত বেড়ে ওঠে, কিন্তু এ ধরনের গাছ আমাদের পরিবেশের জন্য কতটা উপযোগী সেটি অবশ্যই গবেষণার দাবি রাখে।

আগৈলঝাড়ায় পুলিশ-জনতার

পরলে তার আত্মীয়-স্বজনসহ শতাধিক লোকজন মিছিল নিয়ে থানা কম্পাউন্ডে প্রবেশ করেন। এসময়ে পুলিশ বাধা দিতে চাইলে উভয় পক্ষের মধ্যে বাগ্‌বিতণ্ডা ও পরবর্তীতে তা সংঘর্ষে রূপ নেয়। থানার সিসি ক্যামেরা ফুটেজে দেখা গেছে, সবুজ টিশার্ট পরিহিত রিয়াজ ফকির গারদে প্রবেশ করে। গারদের লোহার গেটের সঙ্গে নিজের মাথায় নিজেই আঘাত করে অজ্ঞান হয়ে পড়ে। দায়িত্বরত পুলিশ সদস্যরা বুধবার রাত ১১টায় তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। তবে রিয়াজের জ্ঞান ফিরে না আসায় গভীর রাতে তাকে বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হয়। দীর্ঘ সময় হলেও রিয়াজ ফকিরের জ্ঞান না ফেরায় মৃত্যুর গুজব ছড়িয়ে পরলে এলাকাবাসীর মাঝে ক্ষোভের সৃষ্টি হয়। রিয়াজের আত্মীয়-স্বজনসহ এলাকার শতাধিক লোকজন বৃহস্পতিবার বিকেলে মিছিল নিয়ে থানায় গিয়ে হামলা করলে থানার ডিউটি অফিসার এএসআই আ. হালিমকে মারধর করে। পুলিশও বাঁশ ও লাঠি নিয়ে মিছিলকারীদের ওপর হামলা করলে রিয়াজের মা নাছরিন বেগম (৫০), বোন শারমিন আক্তার (২৮), মমতাজ বেগম (৪৭)সহ ৬ জন আহত হয়েছেন। গ্রেপ্তার আতঙ্গে আহত অনেকে গোপন চিকিৎসা নিচ্ছেন। এছাড়াও মিছিলকারীদের হামলায় থানার ডিউটি অফিসার এএসআই আ. হালিম, সিপাহী লিমন মিয়া, ফরহাদ হোসেন, মনির হোসেন, আলামিন হোসেন ও মেহেদী হাসান আহত হয়। গুরুতর আহত অবস্থায় ডিউটি অফিসারকে বরিশাল শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। রিয়াজের বোন শারমিন আক্তার ও স্থানীয় মমতাজ বেগমকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। এঘটনার পর থেকে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখার জন্য বরিশাল থেকে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। রিয়াজ ফকিরের মা নাছরিন বেগম জানান, আমার ছেলেকে রাস্তা থেকে বিনা অপরাধে পুলিশ ধরে নিয়ে মারধর করেছে। যার জন্য গুরুতর আহত অবস্থায় বরিশাল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা পর্যন্ত রিয়াজ ফকির বরিশাল শেবাচিম হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মাদ মাসুদ খান বলেন, চুরির মামলায় রিয়াজ ফকিরকে গ্রেপ্তার করা হয়েছে। সে জেলখানায় বসে বুধবার রাতে নিজেই মাথায় আঘাত করে অজ্ঞান হয়ে পড়লে তাকে বরিশাল হাসপাতালে ভর্তি করা হয়। যার কারণে পরিকল্পিতভাবে রিয়াজের আত্মীয়-স্বজনসহ শতাধিক লোকজন মিছিল নিয়ে থানায় হামলা করে পুলিশ সদস্যদের মারধর করে আহত করে। থানায় হামলাকারীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

গৌরনদীর সাবেক মেয়র

আসার পর গোয়েন্দা সংস্থার ক্লিয়ারেন্সের ভিত্তিতে কারাগার থেকে তাকে বের করা হয়। গৌরনদী কোর্ট জিআরও বেলাল হোসেন বলেন, হাইকোর্ট থেকে জামিন হওয়ায় এ বিষয়ে আমার কাছে কোনো তথ্য নেই। তবে শুনেছি তিনি জামিন পেয়েছেন।

বরিশালে স্বাস্থ্য পরিচালকের

পরিচালকের মতো গুরুত্বপূর্ণ পদে নিয়োগ কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তাদের দাবি, পদায়নের আদেশ বাতিল না হওয়া পর্যন্ত আন্দোলন চলবে। উপপরিচালক ডা. লোকমান হাকিম বলেন, বর্তমান পরিস্থিতিতে বিভাগের স্বাস্থ্য প্রশাসনের স্বাভাবিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। তিনি দ্রুত সংকট নিরসনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেন। এর আগে গত ৭ জুলাই বরিশাল বিভাগের সর্বস্তরের চিকিৎসক, নার্স, কর্মচারী ও সাধারণ জনগণ'র ব্যানারে বিক্ষোভ কর্মসূচি পালন করে আন্দোলনকারীরা নবনিযুক্ত বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডা. এস. এম. মনিরুজ্জামানের কক্ষে তালা ঝুলিয়ে দেন। পরদিন সকালে ডা. মনিরুজ্জামান কার্যালয়ে এসে তালা ভেঙে অফিসে প্রবেশ করেন। পরে বিষয়টি জানাজানি হলে একদল শিক্ষার্থী কার্যালয়ের সামনে অবস্থান নিয়ে বিক্ষোভ শুরু করে। দুপুরের দিকে তারা তাকে কার্যালয় ত্যাগের আহ্বান জানালে তিনি কার্যালয় থেকে বের হতে অপরাগতা প্রকাশ করেন। পরে তাকে হাত ধরে বের করে দেওয়া হয়। এরপর আন্দোলনকারীরা পুনরায় তার কক্ষে তালা ঝুলিয়ে দেন। জানা গেছে, গত ৬ জুলাই স্বাস্থ্য অধিদপ্তরের আদেশে ডা. এস. এম. মনিরুজ্জামান বরিশাল বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) হিসেবে যোগদান করেন। যোগদানের পরদিন থেকেই তার পদায়নের প্রতিবাদে চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মীসহ বিভিন্ন সংগঠনের সদস্যরা আন্দোলনে অংশ নেন। ডক্টরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (ড্যাব) বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ শাখার সাধারণ সম্পাদক ডা. সৈয়দ ইমতিয়াজ উদ্দিন বলেন, অতীতে ডা. মনিরুজ্জামান জুলাই বিরোধী শান্তি সমাবেশে নেতৃত্ব দিয়েছিলেন এমন অভিযোগের ভিত্তিতে তার পদায়ন বাতিলের দাবি উঠেছে। ৫ আগস্ট-পরবর্তী সময়েও একই অভিযোগের কারণে ডা. মনিরুজ্জামানকে সাতক্ষীরায় বদলি করা হয়েছিল।

ইরান-ইসরায়েল যুদ্ধে

১৮৬ জনকে ফেরত আনা হয়েছে। এছাড়াও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগ ও যুদ্ধপরিস্থিতিতে বিভিন্ন দেশ থেকে প্রবাসী কর্মী বিভিন্ন সময়ে ফেরত আনা হয়। তিনি আরও বলেন, মধ্যপ্রাচ্য যুদ্ধে এ পর্যন্ত ১২ জন মৃত্যুবরণ করেছেন। তাদের মধ্যে একজনের লাশ সংশ্লিষ্ট দেশে দাফন করা হয়েছে এবং এরই মধ্যে নয়জনের মরদেহ দেশে আনা হয়েছে। নিহতদের পরিবারের অনুকূলে মরদেহ দাফন বাবদ বিমানবন্দর থেকে ৩৫ হাজার টাকা এবং বিশেষ অনুদান হিসেবে ৫০ হাজার টাকা করে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। মন্ত্রী বলেন, বিমানবন্দর থেকে অসুস্থ ও মৃত কর্মী পরিবহনের জন্য অ্যাম্বুলেন্স বহরে দুটি ফ্রিজিং অ্যাম্বুলেন্স (ঢাকা ও সিলেট বিমানবন্দরে) এবং চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে একটি অ্যাম্বুলেন্স যুক্ত করা হয়েছে। এছাড়া ঢাকা বিমানবন্দরে আরও দুটি অ্যাম্বুলেন্স রয়েছে। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসীদের লাগেজ বহনের সুবিধার্থে ২০০টি ট্রলি ক্রয় প্রক্রিয়াধীন রয়েছে। আহত ও অসুস্থ প্রবাসী কর্মীদের বিমানে ওঠা-নামার সুবিধার্থে ১০টি হুইলচেয়ার দেওয়া হয়েছে। তিনি বলেন, সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দরে প্রবাসী লাউঞ্জ স্থাপন ও ৩০ শতাংশ ডিসকাউন্টে স্বাস্থ্যসম্মত খাবারের ব্যবস্থা এবং বিমানবন্দরে প্রাথমিক চিকিৎসা সেবার জন্য মেডিকেল কর্ণার স্থাপন প্রক্রিয়াধীন রয়েছে।

বঙ্গোপসাগরে সৃষ্ট সুস্পষ্ট লঘুচাপের

প্রবাহমান নদীর পানি এখনো বিপদ সীমার নিচে থাকলেও গত এক সপ্তাহে সাগর যথেষ্ট ফুসে আছে। নদ-নদীগুলোতেও পানির উচ্চতা ৪০ থেকে ১শ সেন্টিমিটার পর্যন্ত বেড়েছে। চলতি খরিপ-২ মৌসুমে বরিশাল কৃষি অঞ্চলের প্রায় প্রায় ৯ লাখ হেক্টরে আমন আবাদের মাধ্যমে ২৪ লাখ টন চাল উৎপাদনের প্রস্তুতির মধ্যে দীর্ঘ অনাবৃষ্টির পরে চলমান অতি বর্ষণে আমন বীজতলা নিয়ে নানামুখী সংকটে কৃষিযোদ্ধাগণ। এমনকি এ অঞ্চলের বিপুল গ্রীষ্মকালীন সবজিও মারাত্মক ঝুকির মুখে। গত মাসখানেক ধরে কাঙ্ক্ষিত বৃষ্টির অভাবে কৃষকরা আমন বীজতলা তৈরি করতে পারছিলেন না। এখন সে লক্ষ্যে চূড়ান্ত প্রস্তুতির মধ্যেই গত কয়েকদিনের অতি বর্ষণে বীজতলা তৈরির জমি ভেসে যাচ্ছে। এমনকি যেসব বীজতলাতে সদ্য বীজ ফেলা হয়েছে,তার প্রায় পুরোটাই টানা প্রবল বর্ষণে ভেসে গেছে। বৃহস্পতিবার সকাল ৬ টার পূর্ববর্তি ৭২ ঘন্টায় সাগরপাড়ের খেপুপাড়ায় প্রায় ৩শ মিলিমিটার বৃষ্টি হয়েছে। টানা ৩দিন পরে বৃহস্পতিবার দুপুর সোয়া ১২টায় বরিশালে কয়েক মিনিটের জন্য সূর্যের মুখ দেখা গেলেও দিনভরই হালকা বৃষ্টিতে জনজীবনে যথেষ্ট ছন্দপতন ঘটে। ৪ দিন পরে বৃহস্পতিবার বরিশাল সহ দক্ষিণাঞ্চলের নদী বন্দরগুলোতে ২ নম্বর সতর্কবার্তা সরিয়ে ১ নম্বর করা হয়েছে। গত তিনদিন ধরে অনধিক ৬৫ফুট দৈর্ঘের যাত্রীবাহী নৌযানের চলাচল বন্ধ ছিল। তবে বন্দরের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিম দিক থেকে ৪৫-৬০ কিলোমিটার বেগে বজ্র বৃষ্টি সহ ঝড়ো হাওয়া বয়ে যাবার আশঙ্কার কথাও জানিয়ে রেখেছে আবহাওয়া বিভাগ। পাশাপাশি বরিশাল সহ সমগ্র উপকূলীয় এলাকায় মঙ্গলবার দুপুর ৩টা থেকে ভারী থেকে অতি ভারী বর্ষণের যে সতর্কতা জারি করেছিল আবহাওয়া বিভাগ, তা শনিবার দুপুর পর্যন্ত বহাল রেখেছে। তবে আগামী ৪ দিনের মাথায় বৃষ্টিপাতের প্রবণতা কিছুটা হ্রাস পাবার খবরও দিয়ে রেখেছে আবহাওয়া দপ্তর। অপরদিকে গ্রীষ্ম পেরিয়ে চলতি বর্ষা মৌসুমেও বৃষ্টিপাতের আকালের মধ্যে চলতি মাসের প্রথম ৯দিনেই বরিশালে প্রায় ১৬০ মিলিমিটার বৃষ্টি হয়েছে। অথচ সদ্য সমাপ্ত জুনেও বরিশালে বৃষ্টিপাতের ঘাটতি ছিল প্রায় ৪৩ ভাগ। মে মাসে ঘাটতির পরিমাণ ছিল প্রায় ৪৯ ভাগের কাছে। অথচ এপ্রিল মাসে স্বাভাবিকের তুলনায় ৬৯ভাগ বেশী বৃষ্টি হলেও মার্চে তা ছিল ৪৯% কম। চলতি খরিপ-২ মৌসুমে বরিশাল কৃষি অঞ্চলের প্রায় প্রায় ৯ লাখ হেক্টরে আমন আবাদের মাধ্যমে ২৪ লাখ টন চাল উৎপাদনের প্রস্তুতি শুরু হলেও অনাবৃষ্টির পরে অতি বর্ষণে আমন বীজতলা সহ রোপা আমন নিয়েও নানামুখী সংকট তৈরি হচ্ছে।

যুগ্ম-সচিব পদে ১৭২

কোনো কর্মকর্তার দপ্তর/কর্মস্থল ইতোমধ্যে পরিবর্তন হলে কর্মরত দপ্তরের নাম ঠিকানা উল্লেখ করে যোগদানপত্র দাখিল করবেন। পরবর্তী সময়ে কোনো কর্মকর্তার বিরুদ্ধে কোনরকম বিরূপ/ভিন্নরূপ তথ্য পাওয়া গেলে, তার ক্ষেত্রে এই আদেশের প্রয়োজনীয় সংশোধন/বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে বলে প্রজ্ঞাপনে জানানো হয়েছে। বর্তমানে প্রশাসনে যুগ্ম-সচিবের সংখ্যা হলো এক হাজার ৬১ জন। এ পদোন্নতির মূল বিবেচ্য ছিল বাংলাদেশ সিভিল সার্ভিস (বিসিএস) প্রশাসন ক্যাডারের ২৪তম ব্যাচ। এছাড়া ইতোপূর্বে বঞ্চিত বিভিন্ন ব্যাচের কর্মকর্তারাও পদোন্নতির তালিকায় রয়েছেন। 'সরকারের উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২'-এ বলা হয়েছে, যুগ্ম-সচিব পদে পদোন্নতির ক্ষেত্রে ৭০ শতাংশ প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের ও ৩০ শতাংশ অন্যান্য ক্যাডারের উপসচিব পদে কর্মরতদের বিবেচনায় নিতে হবে। বিধিমালা অনুযায়ী, উপসচিব পদে কমপক্ষে ৫ বছর চাকরিসহ সংশ্লিষ্ট ক্যাডারের সদস্য হিসেবে কমপক্ষে ১৫ বছরের চাকরির অভিজ্ঞতা বা উপ-সচিব পদে কমপক্ষে ৩ বছর চাকরিসহ ২০ বছরের অভিজ্ঞতা থাকলে কোনো কর্মকর্তা যুগ্মসচিব পদে পদোন্নতির জন্য বিবেচিত হন।

বরিশাল ও পিরোজপুরের সাবেক

আরও জানিয়েছেন, 'আব্দুর রশিদ ফাউন্ডেশন' নামে তার পিতার নামে পরিচালিত একটি প্রতিষ্ঠানের আর্থিক লেনদেন, অর্থের উৎস ও সম্ভাব্য অর্থপাচারের বিষয়ও খতিয়ে দেখা হচ্ছে। অনুসন্ধান অনুযায়ী, পিরোজপুরের সাবেক জেলা প্রশাসক আবু আলী মো. সাজ্জাদ হোসেন রাজধানীর মিরপুর-১১ এলাকায় ১ হাজার ৭১০ বর্গফুটের একটি ফ্ল্যাটের মালিক। আয়কর নথিতে ফ্ল্যাটটির মূল্য দেখানো হয়েছে ৫৪ লাখ টাকা। কিন্তু কর গোয়েন্দাদের তদন্তে জানা যায়, একই ফ্ল্যাটের জন্য তিনি ডেভেলপার কোম্পানিকে প্রায় ১ কোটি ১৩ লাখ টাকা পরিশোধ করেছেন। অর্থাৎ সম্পদের মূল্য প্রায় ৫৯ লাখ টাকা কম দেখিয়ে কর ফাঁকির চেষ্টা করা হয়েছে বলে তদন্তকারীদের সন্দেহ। এছাড়া যশোরে উত্তরাধিকারসূত্রে চারটি ফ্ল্যাট পাওয়ার দাবি করলেও তদন্তে উঠে এসেছে, তার পিতা ২০১৩ সালে মারা যান এবং জীবদ্দশায় ওই স্থাপনাগুলো নির্মাণ করেননি। তদন্তকারীদের ধারণা, এসব ফ্ল্যাট নিজের অর্থে নির্মাণ করলেও সেগুলো উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত বলে দেখানো হয়েছে। বর্তমান বাজারমূল্যে চারটি ফ্ল্যাটের মূল্য প্রায় দুই কোটি টাকা। অনুসন্ধানে আরও জানা যায়, সাজ্জাদ হোসেনের স্ত্রী রিজিয়া সুলতানার নামে রাজধানীর গুলশানে লেক-সংলগ্ন দুটি বিলাসবহুল ফ্ল্যাট রয়েছে। একটি ২,২৯২ এবং অন্যটি ২,৫৬৭ বর্গফুট আয়তনের। তদন্ত সংশ্লিষ্টদের দাবি, ওই এলাকায় প্রতি বর্গফুটের গড় মূল্য প্রায় ৬০ হাজার টাকা হিসেবে দুটি ফ্ল্যাটের সম্মিলিত বাজারমূল্য প্রায় ৩০ কোটি টাকা। এ ছাড়া তার বিরুদ্ধে অর্থপাচারের অভিযোগও খতিয়ে দেখা হচ্ছে। পিরোজপুরের সাবেক ডিসি আবু আলী মো. সাজ্জাদ হোসেনের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ সম্ভব না হলেও হোয়াটসঅ্যাপে পাঠানো প্রশ্নের জবাবে তিনি বলেন, "যশোরে আমার পৈতৃক বাড়ি। ওয়ারিশসূত্রে প্রাপ্ত। আমার সব সম্পদ আয়কর নথিতে রয়েছে। কোনো কিছুই গোপন করা হয়নি। সম্পদ ও আয়ের উৎসের তথ্যও নথিভুক্ত আছে।" তবে সম্পদের মূল্য কম দেখানো এবং স্ত্রীর নামে গুলশানের ফ্ল্যাট প্রসঙ্গে তিনি কোনো মন্তব্য করেননি। অন্যদিকে বরিশালের সাবেক ডিসি অজিয়র রহমান বলেন, "এ ধরনের কিছুই আমার নেই। এ বিষয়ে আমি কিছুই জানি না।" সংশ্লিষ্ট সূত্র জানায়, ২০১৮ সালের নির্বাচনের আগে জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (এনএসআই) একটি জরিপ পরিচালনা করেছিল। ওই প্রতিবেদনে আওয়ামী লীগের নিশ্চিত জয়ের সম্ভাবনা ছিল মাত্র ২২টি আসনে। বাকি আসনগুলোতে বিএনপি, জামায়াতে ইসলামী, জাতীয় পার্টি ও অন্যান্য দলের জয়ের সম্ভাবনার কথা উল্লেখ করা হয়েছিল বলে দাবি করা হয়। পরবর্তীতে গোয়েন্দা সংস্থার প্রতিবেদন ও পুলিশের যাচাই-বাছাইয়ের ভিত্তিতে নির্বাচনী দায়িত্বে কর্মকর্তাদের মনোনয়ন দেওয়া হয়। অভিযোগ রয়েছে, ওই প্রক্রিয়ায় রাজনৈতিক আনুগত্যকে বিশেষ গুরুত্ব দেওয়া হয় এবং এর ফলেই নির্বাচনটি বিতর্কিত হয়ে ওঠে। নাম প্রকাশে অনিচ্ছুক এনবিআরের এক ঊর্ধ্বতন কর্মকর্তা বলেন, "দীর্ঘদিন ধরে বিভিন্ন সংস্থার তথ্যের ভিত্তিতে এসব কর্মকর্তার সম্পদ ও আয়ের তথ্য সংগ্রহ করা হয়েছে। তারা নানা কৌশলে সম্পদ ও আয়ের উৎস গোপন করেছেন বলে প্রাথমিকভাবে তথ্য মিলেছে। এখন তাদের কাছ থেকে সরকারের প্রাপ্য কর আদায়ের প্রক্রিয়া চলছে। পাশাপাশি জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ ও অর্থপাচারসহ অন্যান্য অভিযোগে সংশ্লিষ্ট সংস্থাগুলোও তদন্ত করবে।" ড. মোস্তাফিজুর রহমান বলেন,"এনবিআরের গোয়েন্দা ইউনিটের সক্ষমতা বাড়াতে হবে। যারা কর ফাঁকি দিচ্ছে, তাদের বিরুদ্ধে দৃশ্যমান ব্যবস্থা নেওয়া গেলে অন্যরাও নিরুৎসাহিত হবে। একই সঙ্গে সরকারের কর আদায়ও বাড়বে।"

প্রধানমন্ত্রীর বরিশাল সফর

প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তা এবং স্থানীয় নেতৃবৃন্দ। প্রস্তুতিমূলক সভা শেষে প্রধানমন্ত্রীর নির্ধারিত বৃক্ষরোপণ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে বরিশাল নগরীর কীর্তনখোলা নদীর তীরবর্তী সম্ভাব্য কর্মসূচিস্থল পরিদর্শন করেন অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন। এ সময় তিনি কর্মসূচির স্থান নির্বাচন, নিরাপত্তা ব্যবস্থা, দর্শনার্থীদের চলাচল, সার্বিক ব্যবস্থাপনা এবং আনুষঙ্গিক প্রস্তুতির অগ্রগতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করেন। পরিদর্শনকালে তিনি সংশ্লিষ্ট কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্তদের প্রয়োজনীয় নির্দেশনা দিয়ে বলেন, প্রধানমন্ত্রীর বরিশাল সফর এবং বৃক্ষরোপণ কর্মসূচি যেন সুষ্ঠু, নিরাপদ ও সফলভাবে সম্পন্ন হয়, সে লক্ষ্যে সব প্রস্তুতি নির্ধারিত সময়ের মধ্যেই শেষ করতে হবে। এ সময় উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক ও বরিশাল জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান, বরিশাল মহানগর বিএনপির আহ্বায়ক মনিরুজ্জামান খান ফারুক, বরিশাল দক্ষিণ জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট আবুল কালাম শাহীন, বরিশাল মহানগর বিএনপির সদস্য সচিব জিয়াউদ্দিন সিকদারসহ জেলা ও মহানগর বিএনপি এবং অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ। সংশ্লিষ্ট সূত্র জানায়, আগামী ১৩ জুলাই প্রধানমন্ত্রীর বরিশাল সফরকে ঘিরে নগরীর বিভিন্ন স্থানে প্রস্তুতি জোরদার করা হয়েছে। বিশেষ করে পরিবেশ সংরক্ষণ ও সবুজায়নের বার্তা ছড়িয়ে দিতে আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচিকে সফরের অন্যতম গুরুত্বপূর্ণ আয়োজন হিসেবে বিবেচনা করা হচ্ছে। এ উপলক্ষে প্রশাসন ও সংশ্লিষ্ট সকল পক্ষ সমন্বিতভাবে কাজ করছে, যাতে পুরো সফর নির্বিঘ্ন, সুশৃঙ্খল ও সফলভাবে সম্পন্ন হয়।

প্রাথমিক বৃত্তির ফল

পরবর্তীতে পোর্টালটি উন্মুক্ত করা হবে। আর সেই সময় হতে পারে আগামী রোববার (১২ জুলাই)। ফল প্রকাশের পর পরই তা অনলাইনে এবং শিক্ষার্থীদের মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে পৌঁছে দেওয়া হবে বলে সংশ্লিষ্ট বিভাগ জানিয়েছে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্রে জানা গেছে, মোবাইলে এসএমএসের মাধ্যমে ফল জানার সুযোগ রয়েছে। এক্ষেত্রে যেকোনো মোবাইল অপারেটর (টেলিটক, গ্রামীণফোন, রবি, এয়ারটেল, বাংলালিংক) থেকে নির্ধারিত নিয়মে এসএমএস পাঠিয়ে সহজেই ফল জানা যাবে। DPE <স্পেস> রোল নম্বর এবং তা পাঠিয়ে দিতে হবে ১৬২২২ নম্বরে। (উদাহরণ: শিক্ষার্থীর রোল নম্বর যদি ১২৩৪৫৬ হয়, তবে লিখতে হবে DPE ১২৩৪৫৬ এবং পাঠাতে হবে ১৬২২২ নম্বরে। ফিরতি এসএমএসে শিক্ষার্থীর নাম ও ফল চলে আসবে।) এছাড়া মোবাইল এসএমএস ছাড়াও ঘরে বসে কম্পিউটারে বা স্মার্টফোনে ইন্টারনেটের মাধ্যমে বিস্তারিত ফল দেখতে পারবেন শিক্ষার্থীরা। এর জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অফিসিয়াল আইপেমিস ওয়েবসাইটে (ipemis.dpe.gov.bd) প্রবেশ করতে হবে। সেখানে 'প্রাথমিক বৃত্তি পরীক্ষা' অপশনটি নির্বাচন করে শিক্ষার্থীর রোল নম্বর, নিজ জেলা এবং উপজেলার নাম সঠিকভাবে ইনপুট দিয়ে 'সাবমিট' বা 'ফল দেখুন' বাটনে ক্লিক করলেই স্ক্রিনে মার্কশিটসহ ফল চলে আসবে।

টানা বৃষ্টিতে পানিবন্দি

৫ দিনের টানা বৃষ্টিতে আমাদের বসতবাড়ির আশপাশে পানি জমতে শুরু করে। শেষমেষ আমাদের বসতঘরের মেঝেও ডুবে গেছে। কেউ খোঁজ নিতে আসেনি। আমরা গরিব মানুষ, একদিন কাজে যেতে না পারলে পেটে ভাত জোটে না। বৃষ্টির কারণে কাজেও যেতে পারছি না। তারা আরও বলেন, মূলত স্বাভাবিকভাবে পানি নেমে যাওয়ার পথগুলো প্রভাবশালীরা দখল করে রাখায় এ সমস্যার সৃষ্টি হয়েছে। বৃষ্টির পানিতে আমাদের বসতঘরের রান্নার চুলা ডুবে যাওয়ায় রান্নাও হচ্ছে না। এই মুহূর্তে আমাদের প্রয়োজন দ্রুত পানি নিষ্কাশনের ব্যবস্থা করা। ভোলা সদর উপজেলার রিকশা চালক মো. সোহাগ ও নাছির বলেন, টানা বৃষ্টিপাতের কারণে রাস্তায় যাত্রীদের সংখ্যা কম। আগে যেখানে দৈনিক আয় করতাম ১ হাজার থেকে ১২০০ টাকা। এখন সেখানে আমাদের রোজকারের আয় অর্ধেকে নেমে এসেছে। তবে জলাবদ্ধতা আমনের বীজতলা নিয়ে চিন্তায় রয়েছেন কৃষকরা। হেলাল পাটোয়ারী ও জাহাঙ্গীর বলেন, গত ৪তারিখে আবহাওয়া ভালো দেখে ৩-৫ শতাংশ জমিতে আমনের বীজতলায় বীজ বপন করেছি। যেভাবে টানা বৃষ্টি হচ্ছে সেজন্য মনে হচ্ছে না বীজতলা টিকবে। মনপুরা উপজেলার নির্বাহী কর্মকর্তা মো. আবু মুছা বলেন, যেসব জায়গায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে তা চিহ্নিত করে পানি নিষ্কাশনের জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে উদ্যোগ নেওয়া হয়েছে এবং পানি নিষ্কাশনের জন্য কাজ শুরু করা হয়েছে। মনপুরা প্রথম শ্রেণির আবহাওয়া পর্যবেক্ষণাগারের পর্যবেক্ষক মাকসুদুর রহমান বলেন, বুধবার দুপুর ১২টা থেকে বৃহস্পতিবার দুপুর ১২টা পর্যন্ত মনপুরায় ১০২ মিলিমিটার বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। টানা বৃষ্টিপাত চলছে। কখনো গুঁড়িগুঁড়ি, কখনো হালকা আবার কখনো ভারী। আবহাওয়ার পূর্বাভাসে আগামী কয়েকদিন বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

সুন্দরবনে ৫ বছরে মধু

১০৪ দশমিক ৪ মেট্রিক টন। এরপর ২০২২ সালে ১০৫ মেট্রিক টন, ২০২৩ সালে ৯৫ মেট্রিক টন এবং ২০২৪ সালে সংগৃহীত হয় ১০০ মেট্রিক টন মধু। কিন্তু ২০২৫ সালে তা একলাফে কমে দাঁড়িয়েছে ৬৪ দশমিক ৭ মেট্রিক টনে। চলতি ২০২৬ সালের সদ্য সমাপ্ত মৌসুমে তা আরও হ্রাস পেয়ে মাত্র ৪২ দশমিক ১ মেট্রিক টনে ঠেকেছে। অর্থাৎ মাত্র ৫ বছরের ব্যবধানে বনের মধুর উৎপাদন কমেছে প্রায় ৬০ শতাংশ। মধুর উৎপাদন তলানিতে নামায় বনবিভাগের রাজস্ব আদায়ে বড় ধস নেমেছে। সরকারি নিয়ম অনুযায়ী প্রতি কুইন্টাল মধুর জন্য ১৬০০ টাকা এবং মোমের জন্য ২২০০ টাকা রাজস্ব দিতে হয়। বিগত বছরগুলোর তথ্যে দেখা যায় ২০২২ সালে সুন্দরবন থেকে মোট ৩০০৮ কুইন্টাল মধু ও ৬৯৬ কুইন্টাল মোম আহরণ বাবদ প্রায় ৫২ লাখ ২৪ হাজার ৮০০ টাকা রাজস্ব আদায় হয়েছিল। ২০২৩ ও ২০২৪ সালে উৎপাদন ও রাজস্বের এই ধারা ওঠানামার মধ্যে থাকলেও ২০২৫ সালে উৎপাদন কমে ২০৭৬ কুইন্টালে নামায় রাজস্ব একলাফে ৩৩ লাখ ২১ হাজার ৬০০ টাকায় নেমে আসে। চলতি ২০২৬ সালের এপ্রিল-মে মৌসুমে অনাবৃষ্টি, জলবায়ু পরিবর্তন ও দস্যুতার কারণে মধু আহরণ গত কয়েক বছরের মধ্যে সর্বনিম্ন ১৭৩৮ কুইন্টালে ঠেকেছে। ফলে এ বছর সরকারের সর্বমোট রাজস্ব অর্জিত হয়েছে মাত্র ৩৯ লাখ ৩১ হাজার ২৭০ টাকা। উৎপাদন প্রায় ৬০ শতাংশ কমে যাওয়ায় গত দুই অর্থবছরে লক্ষ্যমাত্রার অর্ধেক রাজস্বও আদায় করা সম্ভব হয়নি। উৎপাদন কমে যাওয়ায় প্রকারভেদে প্রতি কেজি মধুর দাম খুচরা বাজারে ৩০০ থেকে ৪০০ টাকা পর্যন্ত বেড়েছে। তবে দাম বাড়লেও মৌয়ালদের ঘরে হাহাকার। এর পেছনে সবচেয়ে বড় কারণ হিসেবে দেখা দিয়েছে বনদস্যুদের আকস্মিক দৌরাত্ম্য ও মুক্তিপণ আদায়। মৌয়াল ছগির হাওলাদার তার দুঃসহ অভিজ্ঞতা বর্ণনা করে বলেন, '১০ জনের দল নিয়ে বনে গিয়েছিলাম। কিন্তু বনদস্যু মেজো জাহাঙ্গীর বাহিনী আমাদের ওপর হামলা চালিয়ে দুইজনকে অপহরণ করে। পরে দেড় লাখ টাকা মুক্তিপণ দিয়ে তাদের ছাড়িয়ে আনি। ভয়ে আর বনেই থাকতে পারিনি। আড়াই লাখ টাকা খরচ করে মধু পেয়েছি মাত্র দুই মণ। এখন দেনার দায়ে পথে বসার মতো।' পরিবেশবিদ ও বিশেষজ্ঞদের মতে শুধু দস্যুতাই নয়, জলবায়ু পরিবর্তনের কারণে অনিয়মিত বৃষ্টিপাত ও বনের লবণাক্ততা বৃদ্ধি পাওয়ায় খলিশা, গরান ও কেওড়া গাছে এবার পর্যাপ্ত ফুল ফোটেনি। পাশাপাশি অভয়ারণ্যের সীমানা বৃদ্ধি এবং মধু আহরণের সময়সীমা ৩ মাস থেকে কমিয়ে ২ মাস করায় মৌয়ালদের প্রবেশের সুযোগও সংকুচিত হয়েছে। সুন্দরবন ও বাংলাদেশ উপকূল সুরক্ষা আন্দোলনের প্রধান সমন্বয়ক সাংবাদিক শুভ্র শচীন বলেন, 'সুন্দরবনের মধুর জিআই স্বীকৃতি কেবল একটি প্রাতিষ্ঠানিক সনদ নয়, এটি আমাদের জাতীয় গৌরবের স্মারক। প্রথমত, মৌয়ালদের শুধু বনজীবী না ভেবে বনের অতন্দ্র প্রহরী ও 'গ্রিন ওয়ারিয়র' হিসেবে স্বীকৃতি দিতে হবে। বনের নিরাপত্তা নিশ্চিত করতে কোস্ট গার্ডের সহায়তায় স্মার্ট পেট্রোলিং জোরদার করা প্রয়োজন। দ্বিতীয়ত, সরকারি উদ্যোগে মৌয়ালদের জন্য সহজ শর্তে জামানতবিহীন ব্যাংক ঋণ ও বিশেষ বীমা সুবিধার ব্যবস্থা করতে হবে। একই সঙ্গে মাঠপর্যায়ে ভ্রাম্যমাণ ল্যাব স্থাপন করে খাঁটি মধুর সরকারি সিলমোহর বা (কিউআর কোড) নিশ্চিত করা গেলে বাজারে ভেজালকারীদের দৌরাত্ম্য বন্ধ হবে।'

এক রাতে তিন বাড়িতে

নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ঘটনাস্থল পরিদর্শন করেন। ডাকাতির শিকার হওয়া পরিবারগুলো হলো জগন্নাথকাঠি বন্দরের সাবেক সভাপতি মো. আব্দুস সালাম, কাঞ্চন কাজীর ছেলে মোহাম্মদ তপু কাজী এবং মোহাম্মদ লিটু কাজীর পরিবার। ভুক্তভোগী তপু কাজীর ভাষ্য, রাত আনুমানিক ১টা ২০ মিনিটে সংঘবদ্ধ ডাকাত দল তাঁর বাড়ির পেছনের দরজা ভেঙে প্রবেশ করে। এ সময় তারা পরিবারের সদস্যদের জিম্মি করে ফেলে। ডাকাতদের হাতে রামদা, শাবল, বড় রেঞ্জ, কাঁচিসহ বিভিন্ন সরঞ্জাম ছিল। প্রায় ২টা পর্যন্ত বাড়িতে অবস্থান করে তারা স্বর্ণালংকার ও নগদ অর্থসহ আনুমানিক ১০ লাখ টাকার মালামাল লুট করে নিয়ে যায়। এরপর রাত আড়াইটার দিকে ডাকাতেরা লিটু কাজীর টিনশেড বাড়ির সামনের লোহার দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে। পরিবারের সদস্যদের দাবি, ডাকাতেরা চার আনা ওজনের একটি স্বর্ণের আংটি, দুটি রুপার চেইন, দুটি নূপুর এবং নগদ ১২ হাজার টাকা লুট করে। রাত ৩টার দিকে তারা বাড়িটি ছেড়ে যায়। একই রাতে ৩টার দিকে ডাকাত দল জগন্নাথকাঠি বন্দর এলাকার আব্দুস সালামের বাড়ির সামনের দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে। সে সময় বাড়িতে তাঁর স্ত্রী ও দুই মেয়ে ছিলেন। আব্দুস সালামের অভিযোগ, ডাকাতেরা তাঁদের একটি কক্ষে আটকে রেখে নগদ এক লাখ টাকা এবং সাড়ে তিন ভরি স্বর্ণালংকার লুট করে ভোরের দিকে এলাকা ত্যাগ করে। এসব ঘটনায় অলংকারকাঠি গ্রামসহ আশপাশের এলাকায় চরম আতঙ্ক বিরাজ করছে। স্থানীয় বাসিন্দারা জানান, একই রাতে পরপর তিনটি বাড়িতে ডাকাতির ঘটনায় তাঁরা নিরাপত্তাহীনতায় ভুগছেন। তাঁরা দ্রুত ডাকাতদের শনাক্ত ও গ্রেফতার এবং এলাকায় পুলিশি টহল জোরদারের দাবি জানিয়েছেন। নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান বলেন, 'খবর পাওয়ার সঙ্গে সঙ্গে ভোররাতে সার্কেল অতিরিক্ত পুলিশ সুপারকে সঙ্গে নিয়ে ঘটনাস্থল পরিদর্শন করি। ডাকাতদের শনাক্ত ও গ্রেপ্তারে সর্বোচ্চ চেষ্টা চলছে। ঘটনাস্থল থেকে বিভিন্ন আলামত সংগ্রহ করা হয়েছে। ভুক্তভোগীরা লিখিত অভিযোগ বা মামলা করলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।'

ইউরোপে তাপপ্রবাহে মৃত্যু

মধ্যে প্রায় ৪ হাজার ২৭০ জনের বয়স ছিল ৭৫ বছর বা তার বেশি। পুরুষদের তুলনায় নারীদের মৃত্যুর সংখ্যা বেশি ছিল, মূলত অত্যন্ত বয়স্ক জনগোষ্ঠীর মধ্যে নারীদের অনুপাত বেশি হওয়ায়। জার্মানির এই পরিসংখ্যান ইউরোপজুড়ে ক্রমেই উদ্বেগজনক হয়ে ওঠা পরিস্থিতিরই প্রতিফলন। ইউরোপীয় ইউনিয়নের কোপার্নিকাস ক্লাইমেট চেঞ্জ সার্ভিস প্রকাশিত এক বুলেটিনে জানিয়েছে, পশ্চিম ইউরোপে এবার ইতিহাসের উষ্ণতম জুন মাস রেকর্ড করা হয়েছে, যেখানে গড় তাপমাত্রা ছিল ২০ দশমিক ৭৪ ডিগ্রি সেলসিয়াস। এদিকে, ফ্রান্স, বেলজিয়াম, স্পেন ও নেদারল্যান্ডসের জাতীয় কর্তৃপক্ষ জানিয়েছে, ২০ থেকে ২৮ জুনের তাপপ্রবাহের সময় ওই চার দেশে অতিরিক্ত মৃত্যুর সংখ্যা ৪ হাজার ৭০০ জনের বেশি ছিল। ইউরোপজুড়ে তাপপ্রবাহজনিত কারণে প্রাণহানির ক্ষেত্রে বয়স্ক জনগোষ্ঠীই সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয়েছে। একই সঙ্গে রেকর্ডভাঙা তাপমাত্রা ও অতিরিক্ত মৃত্যুর সংখ্যা ইউরোপে চরম আবহাওয়ার ক্রমবর্ধমান ঝুঁকি নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি করেছে। এদিকে, বিশ্ব স্বাস্থ্য সংস্থার মহাপরিচালক তেদরোস আধানোম গেব্রেয়াসুস সতর্ক করে বলেছেন, জলবায়ু পরিবর্তন ও বৈশ্বিক উষ্ণায়নের কারণে একসময় প্রজন্মে একবার দেখা দেওয়া তাপপ্রবাহ এখন প্রায় প্রতিবছরই ঘটছে। তিনি উল্লেখ করেন, পৃথিবীর সবচেয়ে দ্রুত উষ্ণ হয়ে ওঠা মহাদেশ বর্তমানে ইউরোপ, যেখানে বৈশ্বিক গড়ের তুলনায় দ্বিগুণ হারে তাপমাত্রা বাড়ছে। চরম দাবদাহ মোকাবিলায় ইউরোপীয় দেশগুলোকে 'হিট হেলথ অ্যাকশন প্ল্যান' বাস্তবায়নের আহ্বান জানিয়েছে সংস্থাটি।

পাথরঘাটায় বন্ধকী স্বর্ণ ও নগদ

এবং বন্ধকী ব্যবসায়ী হিসেবে ব্যবসা-বাণিজ্য করে আসছিল। সংবাদ সম্মেলনে ভুক্তভোগীদের পক্ষ থেকে নাজমুল হাসান রাসেল বলেন, আমরা সরল বিশ্বাসে বাবুলের স্বর্ণের দোকানে আমাদের স্বর্ণালংকার বন্ধক রাখি। কিন্তু আমাদের বিশ্বাসের অমর্যাদা করে তিনি গত ২৭জুন থেকে স্বর্ণ অলংকার এবং নগদ টাকা সহ আত্মগোপনে চলে যায়। এখন আমরা দিশেহারা হয়ে পড়েছি। সংবাদ সম্মেলনে শিক্ষক বিবেকানন্দ হাওলাদার বলেন, অত্যন্ত মিষ্টি ভাষা দিয়ে এলাকাবাসীর মন জয় করে বাবুল। এখানে এসে সে দীর্ঘদিন ধরে ব্যবসা করে এবং মেয়ের বিয়েও দেয়। হিন্দু-মুসলমান সবার সঙ্গে ভালো সম্পর্ক তৈরি করে নেয়। এভাবে চলতে থাকে তার ব্যবসা বাণিজ্য। আমার ছেলে ঢাকায় ওষুধের ব্যবসা করে। তার প্রয়োজনের তাগিদে বাড়ির স্বর্ণালংকার বন্ধক রেখে স্বর্ণকার বাবুলের কাছ থেকে এক লক্ষ টাক নেই। সুদ সহ এক লাখ ২৭ হাজার টাকা তাকে জমা দেই। কিন্তু সে অলংকার ফেরত দিতে নানা তালবাহানা শুরু করে এবং পালিয়ে যায়। সংবাদ সম্মেলনে উপস্থিত খলিল জমাদার বলেন, আমাদের স্বর্ণ এবং আমাদের টাকা পয়সা আমরা ফেরত চাই। গৃহিণী হাওয়া আক্তার বলেন, পাথরঘাটা পুলিশের দৃষ্টি আকর্ষণ করছি, দয়া করে আমাদের সম্পদ স্বর্ণালংকার গুলো এবং নগদ টাকা উদ্ধারে আপনারা একটু তৎপর হন। আপনাদের হস্তক্ষেপ না হলে আমাদের অনেকগুলো পরিবার একেবারে নিঃস্ব হয়ে যাবে। অভিযোগের বিষয়ে স্বর্ণ ব্যবসায়ী বাবুল কুলুর বক্তব্য জানতে তার ব্যবহৃত মোবাইল ফোন নম্বরে একাধিকবার যোগাযোগের চেষ্টা করা হলেও ফোনটি বন্ধ পাওয়া যায়। এছাড়া স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, তিনি সপরিবারে এলাকা ছেড়ে চলে গেছেন। ফলে এ বিষয়ে তার কোনো বক্তব্য পাওয়া সম্ভব হয়নি। বিষয়টি প্রসঙ্গে পাথরঘাটা থানার অফিসার ইনচার্জ (ওসি) মোহাম্মদ আব্দুল আলীম বলেন, হ্যাঁ এ বিষয়ে এলাকাবাসীর পক্ষ থেকে একটি অভিযোগ আমরা পেয়েছি। এবং বিভিন্ন লোকজনের নিকট থেকে স্বর্ণালঙ্কার / টাকা নিয়ে পালিয়েছে এমনটি তারা জানিয়েছে। ঘটনাটি তদন্ত করে দেখা হচ্ছে।

পিরোজপুরে উদ্বেগজনক হারে বাড়ছে

১১ জন পিরোজপুর জেলা হাসপাতালে, ১ জন ভাণ্ডারিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এবং ২ জন নেছারাবাদ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও ১ নাজিরপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন। বর্তমানে জেলা হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত ১৮ জন রোগী চিকিৎসা নিচ্ছেন। স্বাস্থ্য বিভাগ বলছে, হাসপাতালে ভর্তি হওয়া রোগীদের একটি বড় অংশ রাজধানী ঢাকা থেকে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে নিজ জেলায় ফিরে চিকিৎসা নিচ্ছেন। আক্রান্তদের মধ্যে পিরোজপুর সদর, ভাণ্ডারিয়া ও নেছারাবাদ উপজেলার বাসিন্দাদের সংখ্যাই বেশি। রোগী ও স্বজনদের দাবি, ডেঙ্গু রোগীদের জন্য সম্পূর্ণ আলাদা ইউনিট চালু করতে হবে এবং জেলা হাসপাতালের নতুন ভবন দ্রুত চালু করতে হবে। জেলা সিভিল সার্জন কর্মকর্তা জানিয়েছেন, ডেঙ্গু আক্রান্ত রোগীদের চিকিৎসা নিশ্চিত করতে জেলা হাসপাতালে পৃথক ডেঙ্গু কর্নার চালু করা হয়েছে। রোগীদের সার্বক্ষণিক চিকিৎসা ও পর্যবেক্ষণের জন্য বিশেষ মেডিক্যাল টিমও গঠন করা হয়েছে। স্বাস্থ্য বিভাগের কর্মকর্তারা ডেঙ্গু প্রতিরোধে জমে থাকা পানি অপসারণ, মশার বংশবিস্তার রোধ এবং জ্বর দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়ার আহ্বান জানিয়েছেন। বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রকোপ বাড়তে পারে বলে সতর্ক থাকার পরামর্শও দিয়েছেন তারা।

হিজলা-মুলাদী সড়কে খানাখন্দ-জলাবদ্ধতা

একই সঙ্গে পথচারীদেরও কাদা-পানি মাড়িয়ে চলাচল করতে হচ্ছে। এতে স্থানীয় বন্দর এলাকার ব্যবসা-বাণিজ্যেও নেতিবাচক প্রভাব পড়ছে। মুলাদী বন্দর বণিক সমিতির সভাপতি এফ এম মাইনুল ইসলাম বলেন, 'হিজলা-মুলাদী সড়কটি বরিশাল জেলা সদরের সঙ্গে হিজলা, মেহেন্দীগঞ্জ ও কাজীরহাট এলাকার মানুষের যোগাযোগের প্রধান পথ। বিশেষ করে হিজলা-মুলাদী সংযোগ সেতুর পূর্বপাশের প্রায় ৫০০ মিটার অংশের অবস্থা খুবই খারাপ। পিচ-খোয়া উঠে গিয়ে এটি ডোবায় পরিণত হয়েছে।' তিনি আরও বলেন, 'এ কারণে ব্যবসায়ী ও সাধারণ যাত্রীরা দুর্ভোগে পড়েছেন। সেতুর পূর্বপাড়ের দুটি মসজিদের মুসল্লি এবং মাদ্রাসার শিক্ষার্থীদেরও কাদা-পানি মাড়িয়ে চলাচল করতে হচ্ছে। দ্রুত সড়ক সংস্কার ও পানি নিষ্কাশনের স্থায়ী ব্যবস্থা প্রয়োজন।' স্থানীয় ব্যবসায়ী জিয়াউল আহসান বলেন, 'একটি সড়কের জলাবদ্ধতার কারণে মুলাদী, হিজলা ও মেহেন্দীগঞ্জের হাজারো মানুষ দুর্ভোগে রয়েছে। দ্রুত সংস্কার না হলে বর্ষা শেষে যান চলাচল বন্ধ হয়ে যাওয়ার আশঙ্কা রয়েছে।' এ বিষয়ে মুলাদী পৌরসভার প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. গোলাম সরওয়ার বলেন, 'হিজলা-মুলাদী সংযোগ সেতুর পূর্বপাশের জলাবদ্ধতা ও খানাখন্দের কারণে মানুষের দুর্ভোগের বিষয়টি দুঃখজনক। ইতিমধ্যে কর্মকর্তাদের নিয়ে সড়কটি পরিদর্শন করা হয়েছে। দ্রুত সংস্কার করে চলাচল উপযোগী করা এবং স্থায়ী পানি নিষ্কাশনের ব্যবস্থা নিতে উপজেলা প্রকৌশলীর সঙ্গে আলোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হবে।'

আমতলীতে অংশীদারদের সঙ্গে বার্ষিক

উন্নয়ন ও কমিউনিটি অংশগ্রহণকে আরও শক্তিশালী করার বিষয়ে মতামত তুলে ধরেন। বৃহস্পতিবার সকাল ১১টায় আমতলী উপজেলার সোনালী কমিউনিটি সেন্টারে আমতলী এরিয়া প্রোগ্রাম (এপি), ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ এবং নজরুল স্মৃতি সংসদ (এনএসএস)-এর যৌথ আয়োজনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ, আমতলী এরিয়া প্রোগ্রামের এরিয়া প্রোগ্রাম ম্যানেজার বিভুদান বিশ্বাস। কর্মশালা সঞ্চালনা করেন এনএসএস-এর মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন স্পেশালিস্ট আখতারুজ্জামান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আমতলী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো. সফিকুল আলম। তিনি বলেন, সরকারি প্রতিষ্ঠান, উন্নয়ন সংস্থা ও স্থানীয় জনগণের সমন্বিত উদ্যোগের মাধ্যমে টেকসই উন্নয়ন নিশ্চিত করা সম্ভব। বিশেষ করে শিশুদের শিক্ষা, নিরাপত্তা ও দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে তুলতে সকলকে একযোগে কাজ করতে হবে। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন এনএসএস-এর নির্বাহী পরিচালক অ্যাডভোকেট শাহাবুদ্দিন পান্না, ওয়ার্ল্ড ভিশন আমতলী এপির চাইল্ড প্রোটেকশন ও এপি স্পন্সরশিপ অফিসার চার্চিল দাস, এনএসএস-এর প্রোগ্রাম ম্যানেজার মৃদুল সরকার, এনএসএস-এর মিডিয়া অ্যান্ড কমিউনিকেশন অফিসার সিনিয়র সাংবাদিক মো. জাকির হোসেন, বাংলাদেশ মানবাধিকার কমিশন আমতলী উপজেলা শাখার সাধারণ সম্পাদক ও সাংবাদিক আবু জিহাদ, ওয়ার্ল্ড ভিশনের জুনিয়র প্রোগ্রাম অফিসার অতিদাস ও প্রতিভা মণ্ডল, এনএসএস-এর ফিল্ড অপারেশন অফিসার মো. জহিরুল ইসলাম, কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার জ্যাকলিন টুম্পা মণ্ডল, খোকন দাস, রাধা রানী ও তানিয়া আক্তার। এছাড়াও কর্মশালায় তারুণ্যের আলো যুব ফোরামের সভাপতি মুক্তারানী, স্থানীয় জনপ্রতিনিধি, ধর্মীয় প্রতিনিধি, শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, উপকারভোগী, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধি এবং বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন। কর্মশালায় গত এক বছরে এরিয়া প্রোগ্রামের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতি, সাফল্য, চ্যালেঞ্জ ও অর্জন পর্যালোচনা করা হয়। একই সঙ্গে আগামী বছরের কর্মপরিকল্পনা প্রণয়নে অংশগ্রহণকারীদের মতামত গ্রহণ করা হয়। আলোচনায় শিশু সুরক্ষা, মানসম্মত শিক্ষা, স্বাস্থ্যসেবা, পুষ্টি, নিরাপদ পানি ও স্যানিটেশন, জীবিকা উন্নয়ন, জলবায়ু সহনশীলতা, দুর্যোগ ঝুঁকি হ্রাস, নারী ও যুব উন্নয়ন এবং কমিউনিটির সক্ষমতা বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্ব দেয়া হয়। বক্তারা বলেন, টেকসই উন্নয়ন নিশ্চিত করতে স্থানীয় জনগণের সক্রিয় অংশগ্রহণ, সরকারি দপ্তর ও উন্নয়ন সহযোগীদের সমন্বিত উদ্যোগ এবং জবাবদিহিমূলক পরিকল্পনা বাস্তবায়নের কোনো বিকল্প নেই। এ ধরনের অংশগ্রহণমূলক কর্মশালা ভবিষ্যৎ উন্নয়ন পরিকল্পনাকে আরও বাস্তবসম্মত ও কার্যকর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। কর্মশালার শেষে অংশগ্রহণকারীরা আগামী বছরের উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নে পারস্পরিক সহযোগিতা ও সমন্বয় আরও জোরদার করার প্রত্যয় ব্যক্ত করেন।

গৌরনদীতে যুবলীগের দুই

উপজেলা যুবলীগের সহসভাপতি দেলোয়ার হাওলাদার এবং ৭ নম্বর ওয়ার্ড যুবলীগের সভাপতি ওহেদ গোমস্তা। গৌরনদী মডেল থানার উপপরিদর্শক (এসআই) আলাউদ্দিন জানান, গোপন সংবাদের ভিত্তিতে বুধবার দিবাগত রাতে আশোকাঠী এলাকায় অভিযান চালায় পুলিশ। অভিযানকালে গ্রেফতারকৃত দেলোয়ারের স্বজনরা পুলিশের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ ও কাজে বাধা দেওয়ার চেষ্টা করেন। তিনি আরও জানান, গ্রেফতারকৃত দুই নেতাকে পূর্বের একটি রাজনৈতিক সহিংসতার মামলার সন্দেহভাজন (সন্দিগ্ধ) আসামি হিসেবে বৃহস্পতিবার (৯ জুলাই) সকালে আদালতে প্রেরণ করা হয়েছে। এই চক্রের সঙ্গে জড়িত অন্য আসামিদের গ্রেপ্তারেও পুলিশের অভিযান অব্যাহত রয়েছে।

বঙ্গোপসাগরে ট্রলারডুবি: তিন দিনেও

আল-আমিন (২২) ও মো. আক্কাস (২৫)। নিখোঁজ আক্কাসের খালা ও একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোসা. ফারআনা জানান, আক্কাসের বাড়ি বরিশালের মেহেন্দিগঞ্জ উপজেলায়। বাবার মৃত্যুর পর দীর্ঘদিন ঢাকায় একটি পোশাক কারখানায় চাকরি করেন তিনি। পরে গলাচিপা উপজেলার সদর ইউনিয়নের পক্ষিয়া গ্রামে নানাবাড়ির সুবাদে বসবাস শুরু করেন। প্রায় ছয় বছর আগে রাঙ্গাবালীর বড়বাইশদিয়া ইউনিয়নের হানিফ মিয়ার মেয়ে প্রাপ্তিকে বিয়ে করেন। তাদের সংসারে আলভি নামে সাড়ে তিন বছরের একটি ছেলে রয়েছে। স্বজনরা জানান, সংসারের অভাব, ৬০ হাজার টাকার ঋণের বোঝা এবং ভবিষ্যতে একটি ইঞ্জিনচালিত নৌযান কেনার স্বপ্ন থেকেই প্রথমবারের মতো গভীর সমুদ্রে শ্রমিক হিসেবে মাছ ধরতে যান আক্কাস। গলাচিপা পৌরসভার ৮ নম্বর ওয়ার্ডে আক্কাসের ভাড়া বাসায় এখন শোকের ছায়া। স্বামীর অপেক্ষায় বারবার ভেঙে পড়ছেন স্ত্রী প্রাপ্তি। কান্নাজড়িত কণ্ঠে তিনি বলেন, 'অভাবের কারণে ঋণ শোধ করতেই ও সাগরে গিয়েছিল। ও ভালোভাবে সাঁতারও জানত না। প্রথমবারই গেল, আর ফিরল না। এখন শুধু চাই, অন্তত ওর লাশটা যেন ফিরে পাই।' ট্রলারডুবি থেকে জীবিত ফিরে আসা ট্রলারের মালিক এমাদুল সিকদার বলেন, 'ট্রলারে ১১ জন ছিল। ট্রলার উল্টে যাওয়ার পর অনেকেই ভেতরে আটকা পড়েন। পরে কয়েকজন বের হতে পারলেও সবাইকে বাঁচানো সম্ভব হয়নি। আমরা পাঁচজন ভেসে প্রাণে বাঁচি। শেষবার আক্কাসকে উল্টে থাকা ট্রলারের কাছে দেখেছিলাম। এরপর আর তাকে দেখতে পাইনি।' এদিকে নিখোঁজদের পরিবারের সদস্যদের অপেক্ষা যেন দীর্ঘ থেকে দীর্ঘতর হচ্ছে। প্রতিটি মুহূর্ত কাটছে অনিশ্চয়তা আর শোকের মধ্যে। জীবিত ফিরে আসার আশা ক্ষীণ হলেও স্বজনদের প্রত্যাশা, অন্তত প্রিয়জনদের মরদেহ উদ্ধার হবে। কুয়াকাটা নৌ-পুলিশের ইন্সপেক্টর মো. মনিরুজ্জামান বলেন, 'বৈরী আবহাওয়ার কারণে উদ্ধার অভিযান ব্যাহত হচ্ছে। এরপরও নিখোঁজ জেলেদের সন্ধানে অভিযান অব্যাহত রয়েছে।'

প্রতিকূলতার মধ্যেও ঘুরে দাঁড়ানোর

আবাসিক মিশনের ভারপ্রাপ্ত প্রধান আকিরা মাৎসুনাকা। বৃহস্পতিবার (৯ জুলাই) এডিবির প্রকাশিত সর্বশেষ 'এশিয়ান ডেভেলপমেন্ট আউটলুক (এডিও) জুলাই ২০২৬' প্রতিবেদনের তথ্য তুলে ধরে এ মন্তব্য করেন তিনি। আকিরা মাৎসুনাকা বলেন, 'শক্তিশালী ও আরও অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক পুনরুদ্ধার নিশ্চিত করতে সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা জোরদার, বিনিয়োগ পরিবেশের উন্নয়ন, আর্থিক খাতের সুশাসন বৃদ্ধি এবং জ্বালানি ও অবকাঠামোগত সীমাবদ্ধতা দূর করতে ধারাবাহিক সংস্কার জরুরি। এসব সংস্কার বেসরকারি বিনিয়োগ আকর্ষণ, মানসম্মত কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনীতির স্থিতিস্থাপকতা আরও শক্তিশালী করতেও গুরুত্বপূর্ণ।' প্রকাশিত প্রতিবেদনে এডিবি জানায়, দুর্বল রপ্তানি প্রবৃদ্ধি, বেসরকারি বিনিয়োগে স্থবিরতা, উচ্চ জ্বালানি মূল্য, ধারাবাহিক মূল্যস্ফীতির চাপ এবং বৈরী বৈশ্বিক অর্থনৈতিক পরিস্থিতির কারণে প্রবৃদ্ধির পূর্বাভাস সংশোধন করা হয়েছে। বিদায়ী ২০২৫-২৬ অর্থবছরে দেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধি হবে ৩ দশমিক ৭ শতাংশ এবং চলতি ২০২৬-২৭ অর্থবছরে হতে পারে ৪ দশমিক ৫ শতাংশ। প্রতিবেদনে বলা হয়, ২০২৫-২৬ অর্থবছরে মূল্যস্ফীতি ৯ শতাংশে উচ্চ থাকবে বলে প্রাক্কলন করা হয়েছে, যা গত এপ্রিলের পূর্বাভাসের সমান। দেশের অভ্যন্তরে পেট্রোলিয়াম, গ্যাস এবং বিদ্যুতের দামের সাম্প্রতিক সমন্বয়গুলোর প্রভাব পরিবহন, ইউটিলিটি (জনসেবামূলক খাত) এবং অন্যান্য ভোক্তা মূল্যের ওপর বজায় থাকবে বলে মনে করা হচ্ছে। ২০২৬-২৭ অর্থবছরে মূল্যস্ফীতি কিছুটা কমে ৮ দশমিক ৮ শতাংশ হতে পারে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে, যা এপ্রিলে প্রাক্কলিত ৮ দশমিক ৫ শতাংশের চেয়ে বেশি। উচ্চ জ্বালানি ও পরিবহন ব্যয়, বিনিময় হারের প্রভাব এবং খাদ্য ও সেবা খাতের ক্রমাগত মূল্যস্ফীতির দ্বিতীয় পর্যায়ের (সেকেন্ড-রাউন্ড) প্রভাবের কারণে মূল্যস্ফীতি হ্রাসের গতি ধীর হতে পারে। 'এডিও জুলাই ২০২৬' আপডেটে উল্লেখ করা হয়েছে যে, সামগ্রিকভাবে একটি কঠোর সামষ্টিক-আর্থিক পরিস্থিতির মধ্যেও শক্তিশালী রেমিট্যান্স প্রবাহ, সেবা খাতের স্থিতিশীলতা এবং অগ্রাধিকারপ্রাপ্ত খাতগুলোর জন্য লক্ষ্যভিত্তিক ঋণ সহজীকরণ ব্যবস্থার মাধ্যমে ২০২৫-২৬ অর্থবছরের প্রবৃদ্ধি বজায় থাকবে। তবে উচ্চ মূল্যস্ফীতি মানুষের প্রকৃত ক্রয়ক্ষমতা হ্রাস করছে এবং বেসরকারি ভোগকে সংকুচিত করছে। দুর্বল রপ্তানি কর্মক্ষমতা এবং মাঝারি আমদানি প্রবৃদ্ধি মূলত দুর্বল বৈশ্বিক চাহিদা এবং বেসরকারি বিনিয়োগের মন্দাভাবকে নির্দেশ করে। সরবরাহের দিক থেকে, রপ্তানিমুখী ম্যানুফ্যাকচারিং খাত উচ্চ জ্বালানি মূল্য, দুর্বল বৈশ্বিক চাহিদা এবং কাঠামোগত প্রতিবন্ধকতার কারণে চাপের মধ্যে থাকতে পারে। অন্যদিকে, কৃষি খাত সার সংকটের ঝুঁকিতে রয়েছে। তবে রেমিট্যান্স-নির্ভর পারিবারিক আয়ের ওপর ভর করে সেবা খাত প্রবৃদ্ধিতে কিছুটা অবদান রাখবে বলে আশা করা হচ্ছে। ২০২৬-২৭ অর্থবছরে কিছুটা সহনীয় মূল্যস্ফীতি, সহজীকৃত ব্যবসায়িক নিয়মকানুন, সুশাসনের উন্নয়ন, কর প্রশাসন সংস্কার এবং রেমিট্যান্সে ধারাবাহিক প্রণোদনা মূলত ভোগ ও বিনিয়োগ বাড়াতে সাহায্য করবে বলে আশা করা হচ্ছে। তবে ব্যাংকিং খাতের দুর্বলতা, জ্বালানি সংকট এবং দুর্বল প্রতিযোগিতামূলক সক্ষমতার কারণে অর্থনৈতিক সম্প্রসারণের গতি জোরদার হওয়ার পরিবর্তে ধীরগতির হতে পারে। এই পূর্বাভাসের ক্ষেত্রে বড় ধরনের নেতিবাচক ঝুঁকি রয়ে গেছে বলে সতর্ক করেছে এডিবি। মধ্যপ্রাচ্যের সংঘাত আরও বাড়লে জ্বালানি ও নৌ-পরিবহন (শিপিং) খরচ বৃদ্ধি পেতে পারে, যা বহিস্থ চাপকে আরও তীব্র করবে, উচ্চ মূল্যস্ফীতির মাধ্যমে প্রবৃদ্ধি দুর্বল করবে এবং রেমিট্যান্স প্রবাহকে ধীর করে দিতে পারে। বিশ্ববাজারে তেলের দাম বাড়লে তা আমদানি ব্যয় বাড়িয়ে দিতে পারে এবং জ্বালানি খাতে ভর্তুকি বৃদ্ধির মাধ্যমে রাজস্বের ওপর চাপ বাড়াতে পারে। উচ্চ শুল্ক, ব্যাপক বাণিজ্য নিষেধাজ্ঞা, অথবা প্রধান অর্থনীতিগুলোর দুর্বল প্রবৃদ্ধি রপ্তানি চাহিদাকে আরও কমিয়ে দিতে পারে এবং ম্যানুফ্যাকচারিং খাতের মন্দাভাবকে দীর্ঘায়িত করতে পারে। এছাড়া ডলারের বিনিময় হারের ক্রমাগত চাপ, কঠোর বহিস্থ অর্থায়নের শর্ত এবং জলবায়ু পরিবর্তনজনিত ধাক্কাগুলোও বড় ঝুঁকি হিসেবে বহাল রয়েছে।

কুয়েত ও বাহরাইনে ফের

সকালের দিকে এ তথ্য জানিয়েছে ইরানের রাষ্ট্রায়ত্ত সংবাদমাধ্যম আইআরআইবি। আইআরজিসি'র বিবৃতির বরাত দিয়ে আইআরআইবির প্রতিবেদনে বলা হয়েছে, ইসলামাবাদ সমঝোতা চুক্তি লঙ্ঘন করে বুধবার মধ্যরাতে দক্ষিণ ইরানে মার্কিন বাহিনীর হামলার জবাব দিতেই পরিচালনা করা হয়েছে এই হামলা। আইআরজিসির বিবৃতিতে বলা হয়েছে, "মার্কিন চুক্তি ভঙ্গকারীদের বিরুদ্ধে পাল্টা পদক্ষেপের প্রথম পর্যায় হিসেবে আইআরজিসির নৌ এবং অ্যারোস্পেস বাহিনীর যোদ্ধারা কুয়েতের আরিফান এবং আল আল-সালেম ঘাঁটি এবং বাহরাইনের জাফাইর এবং শেখ ইসা ঘাঁটিতে একটি যৌথ ক্ষেপণাস্ত্র ও ড্রোন অপারেশন পরিচালনা করেছে। ইরানজুড়ে শত্রুপক্ষের হামলার মাত্র কয়েক ঘণ্টা পরেই এ অভিযান পরিচালনা করা হয়েছে।" আরও বলা হয়েছে, "যদি শত্রুপক্ষ ফের এমন আগ্রাসন চালায়, তাহলে মধ্যপ্রাচ্যের অন্যান্য ঘাঁটিগুলোতেও কঠোর অভিযান পরিচালনা করা হবে।" উল্লেখ্য, ইসলামাবাদ সমঝোতা চুক্তির শর্ত লঙ্ঘন করে গত ৫ জুলাই শনিবার হরমুজ প্রণালিতে তিনটি বাণিজ্যিক জাহাজে হামলা করেছিল আইআরজিসি। সেই হামলার পর মঙ্গলবার মধ্যরাতে দক্ষিণ ইরান এবং হরমুজ প্রণালি এলাকায় ইরানের ৮০টি সামরিক স্থাপনা ও লক্ষ্যবস্তুতে বোমাবর্ষণ করেছিল সেন্টকোম। মার্কিন বাহিনীর হামলার জবাব দিতে অল্প সময়ের মধ্যেই কুয়েত এবং বাহরাইনে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর সঙ্গে সংশ্লিষ্ট লক্ষ্যবস্তুগুলোতে পাল্টা হামলা করেছিল আইআরজিসি। এই হামলা এবং পাল্টা হামলার মধ্যেই বুধবার তুরস্কের রাজধানী আঙ্কারায় ট্রাম্প ঘোষণা দেন ইরানের সঙ্গে যুক্তরাষ্ট্রের যুদ্ধবিরতি শেষ এবং বর্তমান পরিস্থিতিতে দেশটির সঙ্গে কূটনৈতিক আলোচনা অব্যাহত রাখা সম্ভব নয়। প্রেসিডেন্ট ট্রাম্পের এই উক্তির পরেই বুধবার দ্বিতীয় দফায় ইরানে হামলা করে সেন্টকোম। আইআরজিসির কর্মকর্তারা জানিয়েছেন, বুধবার সেন্টকোমের হামলার প্রতিশোধ হিসেবে কুয়েত-বাহরাইনে দ্বিতীয় দফায় হামলা করা হয়েছে।

নরমাল ডেলিভারি উৎসাহিত করতে

সহ-সভাপতি কয়ছর আহাম্মদ কমল, সাবেক সহ-সভাপতি হেলাল উদ্দিন টিপু, বস্ত্র ব্যবসায়ী সমিতির সভাপতি শহিদুল ইসলাম দুলাল, জনতা বাজার কলেজের অধ্যাপক নজরুল ইসলাম, চরফ্যাশন প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক মাইনউদ্দিন জমাদার, দৈনিক যুগান্তর-এর প্রতিনিধি আমির হোসেন আমু, শশিভূষণ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও চ্যানেল এস-এর চরফ্যাশন প্রতিনিধি মিজানুর রহমান সোহেল, পিএইচডির ভোলা জেলা ব্যবস্থাপক জাকির হোসেন, পরিবার পরিকল্পনা পরিদর্শক মো. ফকরুল আলম, শশিভূষণ মা ও শিশু কল্যাণ কেন্দ্রের পরিবার কল্যাণ পরিদর্শিকা হাবিবা আক্তার শিমু, চর মাদ্রাজ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অর্পণা দাস গুপ্তা, নুরাবাদ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের উম্মে কুলছুমসহ বিভিন্ন ইউনিয়নের পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পরিদর্শক, পরিদর্শিকা ও রাজনৈতিক ব্যক্তিবর্গ। এ সময় চরফ্যাশন উপজেলার বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের এফপিআই, এফডব্লিউভি, এফডব্লিউএ এবং মিডওয়াইফ সেবাদানকারীরা নিজ নিজ কেন্দ্রের জন্য জরুরি ওষুধ ও চিকিৎসাসামগ্রী গ্রহণ করেন। অনুষ্ঠানে জাতিসংঘ জনসংখ্যা তহবিল (ইউএনএফপিএ)-এর প্রতিনিধি এবং পিএইচডির ভোলা জেলা ব্যবস্থাপক জাকির হোসেন উপস্থিত ছিলেন। বক্তারা বলেন, গরিব ও দুস্থ গর্ভবতী মায়েদের নিরাপদ মাতৃত্ব নিশ্চিত করতে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে জরুরি ওষুধ ও চিকিৎসাসামগ্রী সরবরাহ করা হয়েছে। এ উদ্যোগের মাধ্যমে নরমাল ডেলিভারিকে আরও উৎসাহিত করা এবং প্রান্তিক জনগোষ্ঠীর দোরগোড়ায় নিরাপদ প্রসবসেবা পৌঁছে দেওয়া সম্ভব হবে বলে তারা আশাবাদ ব্যক্ত করেন।

ফিফার নতুন নিয়মে ফাইনালে

দেশের প্রত্যেকেই নিজ নিজ গ্রুপ চ্যাম্পিয়ন হলেই কেবল এই সমীকরণ মেলা সম্ভব ছিল। মাঠের লড়াইয়ে ঠিক তেমনটাই ঘটেছে। চার পরাশক্তিই গ্রুপ চ্যাম্পিয়ন হয়ে কোয়ার্টার ফাইনালে পা রেখেছে, যেখানে তারা একে অপরের মুখোমুখি না হয়ে লড়ছে ভিন্ন চার প্রতিপক্ষের বিরুদ্ধে। কোয়ার্টার ফাইনালের লাইনআপটি দাঁড়িয়েছে এমনঃ স্পেন বনাম বেলজিয়াম, আর্জেন্টিনা বনাম সুইজারল্যান্ড, ফ্রান্স বনাম মরক্কো এবং ইংল্যান্ড বনাম নরওয়ে। নতুন এই নিয়মের কাঠামো অনুযায়ী, ড্রয়ের সময় যখন দুটি দলকে এভাবে আলাদা জোড়ায় ভাগ করা হয়, তখন ফাইনালের আগে তাদের মুখোমুখি হওয়ার কোনো সুযোগ থাকে না। এই একই পদ্ধতি উইম্বলডন টেনিস এবং চ্যাম্পিয়নস লিগের নতুন ফরম্যাটেও ব্যবহার করা হয়ে থাকে। একই র?্যাংকিং পদ্ধতি গত গ্রীষ্মের ক্লাব বিশ্বকাপেও ব্যবহার করা হয়েছিল। যেখানে প্যারিস সেন্ট জার্মেইকে (পিএসজি) ফাইনালে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছিল প্রিমিয়ার লিগের ক্লাব চেলসি। নকআউটের শুরুর রাউন্ডগুলোতেই যেন শীর্ষ বা পরাশক্তি দেশগুলো একে অপরের মুখোমুখি হয়ে বাদ না পড়ে, ফিফার সেই উদ্দেশ্য এখন একদম স্পষ্ট। কোয়ার্টার ফাইনালের ম্যাচগুলোতে উপরে উল্লিখিত শীর্ষ চার প্রতিটি দলই সেমিফাইনালে ওঠার লড়াইয়ে ফেভারিট হিসেবে মাঠে নামবে। আর তারা যদি নিজ নিজ ম্যাচে জিতে যায়, তবে সেমিফাইনালে ফুটবলপ্রেমীরা দুই পরাশক্তি দেশের মধ্যকার দুটি জম্পেশ লড়াই দেখার সুযোগ পাবেন; ম্যাচ দুটি হবে: স্পেন বনাম ফ্রান্স এবং আর্জেন্টিনা বনাম ইংল্যান্ড। অবশ্য বড় বা শীর্ষ দলগুলোর প্রতি ফিফা সবসময়ই একটু বাড়তি পক্ষপাতিত্ব বা বাড়তি সুবিধা দেয় এমন অপবাদ শোনার অভ্যাস বিশ্ব ফুটবলের এই সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থার বেশ পুরোনো। এর মধ্যে শেষ ষোলোর ম্যাচে লিওনেল স্কালোনির আর্জেন্টিনার বিপক্ষে রেফারি ফ্রাঁসোয়া লেতেক্সিয়েরের বিতর্কিত ম্যাচ পরিচালনার বিরুদ্ধে ফিফার কাছে ইতিমধ্যেই আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করেছে মিশর। ওই ম্যাচে আলবিসেলেস্তেরা মাত্র ১৪ মিনিটের ব্যবধানে অবিশ্বাস্যভাবে ৩ গোল ফিরিয়ে দিয়ে ম্যাচ জিতে কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করলে, প্রতিযোগিতা থেকে ছিটকে যায় 'দ্য ফারাও' খ্যাত মিশর। মিশরীয় দলের দাবি, রেফারির বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত আর্জেন্টিনার পক্ষে যাওয়ায় তাদের এই হারের পেছনে লেতেক্সিয়ের এক বিতর্কিত ও মূল ভূমিকা পালন করেছেন। মিশর এখন রেফারির সেসব সিদ্ধান্তের স্পষ্ট ব্যাখ্যা দাবি করছে। একই সঙ্গে, তাদের ম্যাচটি পরিচালনার দায়িত্বে থাকা পুরো ফরাসি রেফারি প্যানেলকে চলতি বিশ্বকাপের বাকি ম্যাচগুলোর দায়িত্ব থেকে সরিয়ে দেওয়ারও দাবি জানিয়েছে। মিশরের কোচ হোসাম হাসান ম্যাচ শেষ হতেই ফিফার বিরুদ্ধে সরাসরি ক্ষোভ উগড়ে দিয়ে অভিযোগ করেছেন যে, বিশ্ব ফুটবলের এই অভিভাবক সংস্থাটি আর্জেন্টিনা এবং তাদের অধিনায়ক লিওনেল মেসির প্রতি স্পষ্ট পক্ষপাতিত্ব দেখিয়েছে।

বিশ্বমঞ্চে হাতেম আলী

পরিমণ্ডলে বাংলাদেশের পাশাপাশি সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের প্রতিনিধিত্ব করবেন। কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আখতারুজ্জামান খান বলেন, "আমাদের শিক্ষার্থীরা জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে তাঁদের মেধা, দক্ষতা ও নেতৃত্বের সক্ষমতার পরিচয় দিচ্ছে, যা অত্যন্ত গর্বের বিষয়। তাসমিম জাহানের এ আন্তর্জাতিক নেতৃত্ব সম্মেলনে অংশগ্রহণ সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের জন্য একটি উল্লেখযোগ্য অর্জন। আমি বিশ্বাস করি, তাঁর এই অংশগ্রহণ কলেজের অন্যান্য শিক্ষার্থীদের সহশিক্ষা কার্যক্রম, নেতৃত্ব বিকাশ এবং আন্তর্জাতিক অঙ্গনে নিজেদের যোগ্যতা তুলে ধরতে আরও উৎসাহিত করবে। তাঁর সর্বাঙ্গীণ সফলতা ও উজ্জ্বল ভবিষ্যৎ কামনা করছি।" তাসমিম জাহানের এ আন্তর্জাতিক অগ্রযাত্রা সরকারি সৈয়দ হাতেম আলী কলেজের জন্য গৌরবের। তাঁর এ অর্জন কলেজের শিক্ষার্থীদের মধ্যে নেতৃত্বের গুণাবলি বিকাশ এবং সহশিক্ষা কার্যক্রমে আরও সক্রিয় অংশগ্রহণে অনুপ্রেরণা জোগাবে বলে কলেজ পরিবারের প্রত্যাশা।

ফুটপাত উচ্ছেদে ঝালকাঠিতে জেলা

নেতৃত্ব দেন সহকারী কমিশনার এস এম সাইফুল ইসলাম ও এস এম আশরাফুল ইসলাম। পৌরসভার পক্ষে বিদ্যুৎ বিভাগের সহকারী প্রকৌশলী মো. নাজমুল হাসানসহ আনসার সদস্য এবং পৌরসভার কর্মকর্তা-কর্মচারীরা এতে অংশ নেন। অভিযান চলাকালে ফুটপাতে অবৈধভাবে ব্যবসা পরিচালনাকারীদের সতর্ক করা হয় এবং পুনরায় ফুটপাত দখল না করার কঠোর নির্দেশনা দেওয়া হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, সাধারণ মানুষের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করা এবং শহরের সৌন্দর্য বৃদ্ধি করাই এই অভিযানের মূল উদ্দেশ্য। কিছু অসাধু ব্যবসায়ী দীর্ঘদিন ধরে ফুটপাত দখল করে রাখায় পথচারীদের চলাচলে চরম বিঘ্ন সৃষ্টি হচ্ছিল। জনস্বার্থে শহরের ফুটপাত দখলমুক্ত রাখতে এ ধরনের অভিযান নিয়মিত অব্যাহত থাকবে।

সুগন্ধা-বিষখালীর গ্রাসে

পড়েছেন খেটে খাওয়া সাধারণ মানুষ। চলতি আমন মৌসুমকে কেন্দ্র করে ধার-দেনা করে বীজতলা তৈরি করেছিলেন ঝালকাঠির কৃষকরা। কিন্তু টানা কয়েকদিনের জলাবদ্ধতায় সেই স্বপ্ন এখন ভেস্তে যাওয়ার উপক্রম। নলছিটি শংকরপাশা এলাকার ক্ষতিগ্রস্ত কৃষক আনোয়ার শিকদার জানান, অনেক কষ্ট আর টাকা খরচ করে বীজতলা তৈরি করেছিলেন তিনি। এখন সব চোখের সামনে পানির নিচে তলিয়ে গেছে। আর দু-একটা দিন এই অবস্থা থাকলে সব বীজ পচে নষ্ট হয়ে যাবে। তখন মাঠে কী রোপণ করবেন, তা নিয়ে চরম দুশ্চিন্তায় আছেন। মাঠ-ঘাট পানিতে সয়লাব হয়ে যাওয়ায় চরম বিপাকে পড়েছেন দিনমজুর ও প্রান্তিক পেশাজীবীরা। কাজ বন্ধ থাকায় অনেকের ঘরেই খাদ্যসংকট দেখা দিয়েছে। স্থানীয় দিনমজুর আকাশ বলেন, টানা বৃষ্টির কারণে দিন এনে দিন খাওয়া মানুষগুলোর কাজকর্ম এক্কেবারে বন্ধ হয়ে গেছে। বর্তমান পরিস্থিতিতে ঘরে খাবার জোগাড় করাই এখন তাঁদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জ। এদিকে শিক্ষা ক্ষেত্রেও এর নেতিবাচক প্রভাব পড়েছে। গ্রামীণ সড়কগুলো ডুবে যাওয়ায় কোমলমতি শিক্ষার্থীরা বিদ্যালয়ে যেতে পারছে না। ঝালকাঠি সদরের তারুলী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক সালাউদ্দিন সোহাগ জানান, রাস্তাঘাট তলিয়ে যাওয়ায় শিক্ষার্থীরা চরম দুর্ভোগে পড়েছে। বন্যার এই পরিস্থিতির কারণে বিদ্যালয়ে শিক্ষার্থীর উপস্থিতি আশঙ্কাজনক হারে কমে গেছে। পানি বাড়ার সঙ্গে সঙ্গে বিষখালী নদীতীরবর্তী চর ভাটারকান্দা এলাকায় নদীভাঙন ভয়ংকর রূপ নিয়েছে। স্থানীয়দের অভিযোগ, ভাঙন রোধে কিছু অংশে জিও ব্যাগ ও ব্লক ফেলা হলেও তা পর্যাপ্ত নয়। নদীর তীব্র স্রোতের কারণে নতুন নতুন এলাকা নদীগর্ভে বিলীন হচ্ছে। ঘরবাড়ি ও ভিটামাটি হারানোর শঙ্কায় দিন কাটানো নদীতীরের বাসিন্দারা অবিলম্বে টেকসই ও কার্যকর স্থায়ী নদী রক্ষা বাঁধ নির্মাণের জোর দাবি জানিয়েছেন। সার্বিক পরিস্থিতির বিষয়ে ঝালকাঠি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. আব্দুল্লাহ আল-মামুন জানান, বৈরী আবহাওয়া ও জোয়ারের পানিতে জেলার নিম্নাঞ্চল প্লাবিত হওয়ায় আমন বীজতলার ক্ষতি হচ্ছে। মাঠপর্যায়ের কর্মকর্তাদের বরাতে তিনি বলেন, কৃষি বিভাগের টিম ক্ষতিগ্রস্ত এলাকাগুলো পরিদর্শন করে প্রকৃত ক্ষয়ক্ষতির পরিমাণ নিরূপণের কাজ করছে। পরিস্থিতি স্বাভাবিক হলে ক্ষতিগ্রস্ত কৃষকদের সরকারি উদ্যোগে পুনরায় নতুন করে বীজতলা তৈরিতে সব ধরনের সহায়তা ও প্রণোদনা দেওয়া হবে। তবে ঝালকাঠি পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলী এ. কে. এম. নিলয় পাশা বলেন, "টানা বৃষ্টি ও জোয়ারের প্রভাবে জেলার নদ-নদীর পানি বৃদ্ধি পেয়েছে। আমরা ভাঙনকবলিত এলাকাগুলো সার্বক্ষণিক পর্যবেক্ষণ করছি। ঝুঁকিপূর্ণ স্থানগুলোতে জরুরি ভিত্তিতে জিও ব্যাগ ফেলে ভাঙন রোধের চেষ্টা চালানো হচ্ছে। স্থায়ী বাঁধ নির্মাণের জন্য ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে প্রকল্প প্রস্তাব পাঠানো হয়েছে।"

বাউফলে অতিবর্ষণে

জন্য প্রতিদিন হাজারো মানুষ এই সড়কটি ব্যবহার করেন। কিন্তু গত কয়েক দিনের বিরামহীন ও ভারী বর্ষণে সড়কের একটি বড় অংশ ভেঙে খাদের সৃষ্টি হয়েছে। সুলতানাবাদ গ্রামের বাসিন্দা ও স্থানীয় কলেজছাত্র মো. রাজিব হোসেন বলেন, ?রাস্তাটা ভেঙে যাওয়ার পর থেকে দুর্ভোগের শিকার হচ্ছেন এলাকাবাসী। যানবাহন চলে না। পায়ে হেঁটে যাতায়াত করতে হয়। ? রাবেয়া বেগম নামের এক গৃহিণী বলেন,? রাস্তার যে অবস্থা গর্ভবতী নারী বা কোনো বয়স্ক মানুষ অসুস্থ হয়ে পড়লে তাদের হাসপাতালে নেওয়ার মতো কোনো উপায় নেই। ব্যবসায়ী আলহাজ মজিবুর রহমান বলেন, এই সড়ক দিয়ে প্রতিদিন ভ্যান ও ইজিবাইকে করে আমাদের কৃষিপণ্য বাজারে নিতে হতো। রাস্তা ভেঙে যাওয়ায় সব ধরনের গাড়ি চলাচল বন্ধ। এখন মাথায় করে মালামাল নিতে গিয়ে খরচ দ্বিগুণ হচ্ছে, আবার সময়মতো বাজারেও পৌঁছানো যাচ্ছে না। আমরা চরম লোকসানের মুখে পড়েছি। সড়কটি ভেঙে যাওয়ার পর থেকে স্থানীয় যোগাযোগ ব্যবস্থা পুরোপুরি ভেঙে পড়লেও এখন পর্যন্ত কোনো কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। জনদুর্ভোগ চরমে পৌঁছানোর আগেই ক্ষতিগ্রস্ত সড়কটি জরুরি ভিত্তিতে মেরামত করে স্বাভাবিক যোগাযোগ ব্যবস্থা ফিরিয়ে আনার জন্য এলাকাবাসী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করেছেন। এ বিষয়ে বাউফল উপজেলা প্রকৌশল অধিদপ্তরের উপসহকারী প্রকৌশলী আবু ইবনে আব্বাস বলেন, সরেজমিনে পরিদর্শন করে সড়কের ভেঙে যাওয়া অংশগুলো সংস্কার করা হবে।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ শুক্রবার ॥ ১০ জুলাই ২০২৬ ॥ ২৫ আষাঢ় ১৪৩৩

কুয়েত ও বাহরাইনে ফের হামলা চালালো ইরান

কীর্তনখোলা ডেস্ক
মঙ্গলবারের পর বুধবার রাতে ফের কুয়েত এবং বাহরাইনের মার্কিন ঘাঁটির বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে হামলা করেছে ইরানের প্রতিরক্ষা বাহিনীর অভিজাত শাখা ইসলামিক রেভল্যুশনারি গার্ড কোর (আইআরজিসি)। বৃহস্পতিবার ৩ এর পাতায় দেখুন

প্রতিকূলতার মধ্যেও ঘুরে দাঁড়ানোর সক্ষমতা দেখাচ্ছে বাংলাদেশ: এডিবি

কীর্তনখোলা ডেস্ক
শক্তিশালী রেমিট্যান্স প্রবাহ এবং সেবা খাতের স্থিতিশীলতার কারণে বৈশ্বিক ও অভ্যন্তরীণ প্রতিকূলতা সত্ত্বেও বাংলাদেশের অর্থনীতি ঘুরে দাঁড়ানোর সক্ষমতা দেখাচ্ছে বলে মন্তব্য করেছেন এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) বাংলাদেশ ৩ এর পাতায় দেখুন

হিজলা-মুলাদী সড়কে খানাখন্দ-জলাবদ্ধতা দুর্ভোগে তিন উপজেলার মানুষ

মুলাদী প্রতিনিধি
বরিশালের হিজলা-মুলাদী সড়কে অসংখ্য খানাখন্দ ও জলাবদ্ধতার কারণে চরম দুর্ভোগ পোহাচ্ছে তিন উপজেলার হাজারো মানুষ। দীর্ঘদিন সংস্কার না হওয়ায় সামান্য বৃষ্টিতেই সড়কের গর্তগুলো পানিতে তলিয়ে গিয়ে তৈরি হচ্ছে জলাবদ্ধতা। এতে মুলাদী, হিজলা ও মেহেন্দীগঞ্জের কাজীরহাট এলাকার সাধারণ মানুষ, ব্যবসায়ী ও যানবাহন চালকদের ভোগান্তি বেড়েছে। সরেজমিন দেখা যায়, মুলাদী পৌরসভার নয়াভাঙনী নদীর ওপর নির্মিত হিজলা-মুলাদী সংযোগ সেতুর পূর্বপাশের সড়কের পিচ ও খোয়া উঠে গিয়ে বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। বৃষ্টির পর এসব গর্ত পানিতে তলিয়ে যায়। কাদা ও নোংরা পানির মধ্য দিয়েই ঝুঁকি নিয়ে চলাচল করছে অটোরিকশা, ভ্যান, মোটরসাইকেল ও পণ্যবাহী যানবাহন। স্থানীয়রা জানান, পানির কারণে গর্তের গভীরতা বোঝা যায় না। ফলে প্রায়ই যানবাহনের চাকা আটকে যাচ্ছে এবং ছোটখাটো দুর্ঘটনা ঘটছে। ৩ এর পাতায় দেখুন

বঙ্গোপসাগরে ট্রলারডুবি: তিন দিনেও খোঁজ মেলেনি ৬ জেলের

পটুয়াখালী প্রতিনিধি
বঙ্গোপসাগরে মাছ ধরার ট্রলারডুবির ঘটনায় তিন দিন পেরিয়ে গেলেও এখনো ছয় জেলের কোনো সন্ধান মেলেনি। জীবিত ফিরে আসার আশা ক্ষীণ হয়ে এলেও স্বজনদের শেষ আকুতি অন্তত প্রিয়জনের মরদেহটি যেন ফিরে পান। জানা গেছে, গত শনিবার রাতে পটুয়াখালীর কুয়াকাটা উপকূল থেকে প্রায় ৬০ কিলোমিটার দক্ষিণ-পূর্বে বঙ্গোপসাগরে প্রবল স্রোত ও কয়েক মিটার উচ্চতার ঢেউয়ের কবলে পড়ে একটি মাছ ধরার ট্রলার ডুবে যায়। ট্রলারে থাকা ১১ জেলের মধ্যে পাঁচজনকে জীবিত উদ্ধার করা হলেও ছয়জন এখনো নিখোঁজ রয়েছেন। নিখোঁজরা হলেন- এমাদুল খাঁ (৪৫), হারুন হাওলাদার (৪৫), ফোরকান সিকদার (৫৫), সায়েম (২০) ৩ এর পাতায় দেখুন

পিরোজপুরে উদ্বেগজনক হারে বাড়ছে ডেঙ্গু সংক্রমণ, একদিনে আক্রান্ত ১৫

পিরোজপুর প্রতিনিধি

পিরোজপুরে উদ্বেগজনক হারে বাড়ছে ডেঙ্গু রোগীর সংখ্যা। নতুন করে ১৫ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। চলতি মৌসুমে জেলায় ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৬৫ জনে। এদিকে গত মাসে ডেঙ্গুতে একজনের মৃত্যুর তথ্য জানিয়েছে স্বাস্থ্য বিভাগ। জেলা স্বাস্থ্য বিভাগের তথ্য অনুযায়ী, ১ জানুয়ারি থেকে এ পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়ে জেলার বিভিন্ন হাসপাতাল ও স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন ৫৬৫ জন রোগী। এর মধ্যে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৫১৬ জন। বর্তমানে জেলা হাসপাতাল ও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে চিকিৎসাধীন রয়েছেন ৪৮ জন রোগী। নতুন করে ভর্তি হওয়া ১৫ জন রোগীর মধ্যে ৩ এর পাতায় দেখুন

গৌরনদীতে যুবলীগের দুই নেতা গ্রেফতার

গৌরনদী প্রতিনিধি
বরিশালের গৌরনদীতে অভিযান চালিয়ে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত সংগঠন যুবলীগের দুই নেতাকে গ্রেফতার করেছে পুলিশ। বুধবার (৮ জুলাই) দিবাগত রাতে পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের আশোকাঠী এলাকায় নিজ নিজ বাসভবনে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন- গৌরনদী ৩ এর পাতায় দেখুন

আমতলীতে অংশীদারদের সঙ্গে বার্ষিক পর্যালোচনা ও পরিকল্পনা কর্মশালা

আমতলী প্রতিনিধি
বরগুনার আমতলী উপজেলায় অংশীদারদের অংশগ্রহণে এরিয়া প্রোগ্রামের বার্ষিক পর্যালোচনা ও ভবিষ্যৎ পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। কর্মশালায় স্থানীয় সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, উন্নয়নকর্মী, শিক্ষক, ধর্মীয় নেতা, যুব প্রতিনিধি, সাংবাদিক এবং বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নিয়ে এলাকার সার্বিক উন্নয়ন, শিশু সুরক্ষা, শিক্ষা, স্বাস্থ্য, জীবিকা ৩ এর পাতায় দেখুন

এক রাতে তিন বাড়িতে ডাকাতি, এলাকায় আতঙ্ক

নেছারাবাদ প্রতিনিধি
পিরোজপুরের নেছারাবাদ উপজেলার অলংকারকাঠি গ্রামে এক রাতে পরপর তিনটি বাড়িতে সংঘবদ্ধ ডাকাতির ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। বৃহস্পতিবার দিবাগত রাত আনুমানিক ১টা ২০ মিনিট থেকে ভোর ৪টা পর্যন্ত ধারাবাহিকভাবে এ ঘটনা ঘটে। ভুক্তভোগীদের দাবি, নগদ অর্থ, স্বর্ণালংকার ও অন্যান্য মূল্যবান মালামাল মিলিয়ে প্রায় ২০ লাখ টাকার সম্পদ লুট করে নিয়ে গেছে ডাকাতেরা। ঘটনার খবর পেয়ে নেছারাবাদ-কাউখালী সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার এবং ৩ এর পাতায় দেখুন

ইউরোপে তাপপ্রবাহে মৃত্যু প্রায় ১০ হাজার

কীর্তনখোলা ডেস্ক
মানুষের সৃষ্ট জলবায়ু পরিবর্তনের প্রভাব আরও স্পষ্ট হয়ে উঠছে ইউরোপজুড়ে। চলতি বছরের তীব্র গ্রীষ্মকালীন তাপপ্রবাহে জার্মানিসহ একাধিক দেশে প্রায় ১০ হাজার মানুষের প্রাণহানির ঘটনা ঘটেছে। যার মধ্যে কেবল জার্মানিতেই মারা গেছেন পাঁচ হাজারের বেশি মানুষ। বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদন থেকে এই তথ্য জানা গেছে। বৃহস্পতিবার জার্মানির জনস্বাস্থ্য সংস্থা রবার্ট কখ্ ইনস্টিটিউট জানিয়েছে, চলতি বছরে এখন পর্যন্ত তাপপ্রবাহজনিত কারণে আনুমানিক ৫ হাজার ১২০ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে অধিকাংশ মৃত্যুই ঘটেছে জুনের শেষ দিকে। সে সময় সাপ্তাহিক গড় তাপমাত্রা ২০ ডিগ্রি সেলসিয়াসের অনেক ওপরে উঠে গিয়েছিল। সংস্থাটির সাপ্তাহিক প্রতিবেদনে বলা হয়েছে, মোট মৃত্যুর ৩ এর পাতায় দেখুন

পাথরঘাটায় বন্ধকী স্বর্ণ ও নগদ টাকাসহ উধাও স্বর্ণ ব্যবসায়ী

পাথরঘাটা প্রতিনিধি
বরগুনার পাথরঘাটায় গ্রাহকদের বন্ধক রাখা স্বর্ণ অলংকার এবং নগদ টাকা আত্মসাৎ করে পালিয়ে যাওয়ার অভিযোগ উঠেছে বাবুল কুলু (৪২) নামক এক স্বর্ণকার ও বন্ধকী ব্যবসায়ীর বিরুদ্ধে। এ বিষয়ে ভুক্তভোগীদের পক্ষ থেকে বৃহস্পতিবার দুপুর ১ টার দিকে পাথরঘাটা প্রেসক্লাবে একটি সংবাদ সম্মেলন করা হয়েছে। বাবুল কুলুর বাবার নাম সজ্জুনাথ কুলু। তাদের গ্রামের বাড়ি বাগেরহাটের মোরেলগঞ্জ উপজেলার সন্যাসী খেজুরবাড়িয়া এলাকায়। সে দীর্ঘদিন যাবত পাথরঘাটার কাঁঠালতলী বাজারে স্বর্ণকার ৩ এর পাতায় দেখুন

সুগন্ধা-বিষখালীর গ্রাসে ঝালকাঠির নিম্নাঞ্চল বাড়ছে ভোগান্তি

ঝালকাঠি প্রতিনিধি
টানা বর্ষণ ও জোয়ারের পানির দ্বিমুখী তোড়ে ঝালকাঠির নিম্নাঞ্চলের বন্যা পরিস্থিতি আরও আশঙ্কাজনক রূপ নিয়েছে। গত কয়েকদিন ধরে চলা অবিরাম বৃষ্টি এবং নিম্নচাপ ও মৌসুমি বায়ুর প্রভাবে সুগন্ধা ও বিষখালী নদীর পানি বিপদসীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এতে জেলার একের পর এক গ্রাম প্লাবিত হচ্ছে, যার ফলে স্থবির হয়ে পড়েছে জনজীবন। সবচেয়ে বড় বিপর্যয়ের মুখে পড়েছেন জেলার হাজারো কৃষক, পানিতে তলিয়ে গেছে আমন ধানের বীজতলা। একই সঙ্গে নদীভাঙনের তীব্রতা বৃদ্ধি পাওয়ায় সুগন্ধা ও বিষখালী তীরের বাসিন্দাদের চোখ থেকে ঘুম কেড়ে নিয়েছে সর্বনাশা ভাঙন আতঙ্ক। গত রবিবার থেকে শুরু হওয়া এই দুর্যোগ আজও কাটেনি। আকাশ এখনো মেঘাচ্ছন্ন এবং থেমে থেমে ভারী থেকে অতিভারী বর্ষণ অব্যাহত রয়েছে। সরেজমীনে জেলার বিভিন্ন উপজেলা ঘুরে দেখা গেছে, সুগন্ধা ও বিষখালী নদীর পানি উপচে বেড়িবাঁধের কাছাকাছি পৌঁছে গেছে। নদী তীরবর্তী গ্রামীণ সড়ক ও ফসলি জমি এখন সম্পূর্ণ পানির নিচে। ফলে যোগাযোগ ব্যবস্থা ভেঙে পড়ার পাশাপাশি চরম ভোগান্তিতে ৩ এর পাতায় দেখুন

বাউফলে অতিবর্ষণে সড়কের বেহাল অবস্থা

বাউফল প্রতিনিধি
অতিবৃষ্টির কারণে পটুয়াখালীর বাউফল উপজেলার নাজিরপুর ইউনিয়নের সুলতানাবাদ সড়ক ভেঙে যাওয়ায় দুর্ভোগের শিকার হচ্ছেন এলাকাবাসী। সড়কটি দিয়ে বর্তমানে যানবাহন চলাচল বন্ধ রয়েছে। স্থানীয় সূত্রে জানা গেছে, সুলতানাবাদ গ্রামের এই সড়কটি ওই অঞ্চলের মানুষের যাতায়াতের প্রধান সড়ক। হাটবাজার, স্কুল-কলেজ কিংবা উপজেলা সদরে যাওয়ার ৩ এর পাতায় দেখুন

ফুটপাত উচ্ছেদে ঝালকাঠিতে জেলা ও পৌর প্রশাসনের যৌথ অভিযান

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠি শহরের ফুটপাত দখলমুক্ত রাখতে জেলা প্রশাসন ও পৌর প্রশাসনের যৌথ উদ্যোগে এক উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে শহরের কলেজ মোড় এলাকায় এ অভিযান চালানো হয়। অভিযানে ফুটপাত দখল করে গড়ে তোলা প্রায় ১৫ থেকে ২০টি অবৈধ স্থাপনা ও ভাসমান দোকানপাট উচ্ছেদ করা হয়। অভিযানে জেলা প্রশাসনের পক্ষে ৩ এর পাতায় দেখুন

সুন্দরবনে ৫ বছরে মধু আহরণ কমেছে ৬০ শতাংশ

কীর্তনখোলা ডেস্ক
ভৌগলিক নির্দেশক (জিআই) পণ্য হিসেবে স্বীকৃতি পাওয়ার পর দেশ-বিদেশে সুন্দরবনের প্রাকৃতিক মধুর চাহিদা ও কদর বেড়েছে কয়েকগুণ। কিন্তু ঠিক একই সময়ে সুন্দরবনে মধুর উৎপাদন কমছে আশঙ্কাজনক হারে। ফলে বিশ্ববাজার তো দূরের কথা, স্থানীয় বাজারের চাহিদাই এখন পূরণ করা যাচ্ছে না। এই তীব্র সংকটের সুযোগ নিয়ে বাজারে ছড়িয়ে পড়েছে ক্ষতিকারক ভেজাল মধু। ফলে চড়া দাম দিয়েও ক্রেতারা প্রতারিত হচ্ছেন, যা হুমকির মুখে ফেলেছে জিআই স্বীকৃতিপ্রাপ্ত এই ঐতিহ্যবাহী জাতীয় সম্পদের সুনাম। বনবিভাগের পরিসংখ্যানে সুন্দরবনের মধুর চরম সংকট দেখা দিয়েছে। ২০২১ সালে সুন্দরবন পূর্ব বনবিভাগে মধু আহরণ হয়েছিল ৩ এর পাতায় দেখুন

নরমাল ডেলিভারি উৎসাহিত করতে ওষুধ ও চিকিৎসাসামগ্রী বিতরণ

চরফ্যাশন প্রতিনিধি
নিরাপদ মাতৃত্ব নিশ্চিতকরণ এবং নরমাল ডেলিভারিকে উৎসাহিত করার লক্ষ্যে ভোলার চরফ্যাশনে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোর জন্য জরুরি ওষুধ ও চিকিৎসাসামগ্রী বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার (৯ জুলাই) চরফ্যাশন উপজেলা প্রশাসনের সভাকক্ষে এ উপলক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা রুমানা আফরোজ এবং সঞ্চালনা করেন উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা মো. সালাউদ্দিন। আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের টিএইচও ডা. শোভন বসাক, চরফ্যাশন উপজেলা বিএনপির সাবেক ৩ এর পাতায় দেখুন

টানা বৃষ্টিতে পানিবন্দি ভোলার কয়েক হাজার মানুষ

ভোলা প্রতিনিধি
উপকূলীয় জেলা ভোলায় টানা বৃষ্টিপাতে জেলার বিভিন্ন নিচু এলাকায় জলাবদ্ধতার খবর পাওয়া গেছে। এতে দুর্ভোগে রয়েছেন সেখানকার বাসিন্দারা। খোঁজ নিয়ে জানা যায়, মনপুরা উপজেলার হাজীরহাট ইউনিয়নের ৪, ৫ ও ৬ নম্বর ওয়ার্ডের প্রায় ১৫ হাজার মানুষ বৃষ্টির পানিতে পানিবন্দি হয়ে পড়েছেন। এছাড়া মনপুরা ইউনিয়নের ২ ও ৫ নম্বর ওয়ার্ডসহ দক্ষিণ সাকুচিয়া ইউনিয়নের বিভিন্ন এলাকার প্রায় ১০ হাজার মানুষ পানিবন্দি আছেন। দ্রুত পানি নিষ্কাশন না হওয়ায় জলাবদ্ধতার সৃষ্টি হয়ে রান্না ও ঘরের মেঝেতে পানি প্রবেশ করায় চরম দুর্ভোগে রয়েছেন সেখানকার বাসিন্দারা। এতে খেয়ে না খেয়ে দিন কাটাচ্ছেন তারা। হাজিরহাটের স্থানীয় বাসিন্দা মো.আলামিন, হাসনাইন, সোহাগ ও তুহিন বলেন, গত ২ এর পাতায় দেখুন

বিশ্বমঞ্চে হাতেম আলী কলেজের শিক্ষার্থী তাসমিম

ফজলে রাব্বি, হাতেম আলী কলেজ
সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ, বরিশালের সমাজকল্যাণ বিভাগের শিক্ষার্থী তাসমিম জাহান আন্তর্জাতিক 'গ্লোবাল লিডারশিপ সামিট-২০২৬'-এ অংশগ্রহণের উদ্দেশ্যে মালয়েশিয়ায় গমন করেছেন। আগামী ৯ থেকে ১২ জুলাই ২০২৬ পর্যন্ত মালয়েশিয়ার এশিয়া-প্যাসিফিক ইউনিভার্সিটি অব টেকনোলজি অ্যান্ড ইনোভেশন (এপিইউ)-এ ফাতিহা আয়াত একাডেমি আয়োজিত এ আন্তর্জাতিক নেতৃত্ব সম্মেলন অনুষ্ঠিত হবে। সম্মেলনে বিশ্বের বিভিন্ন দেশের তরুণ প্রতিনিধিরা নেতৃত্ব বিকাশ, দক্ষতা উন্নয়ন, উদ্ভাবন, শিক্ষা, আন্তর্জাতিক সহযোগিতা এবং বৈশ্বিক নাগরিকত্বসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে মতবিনিময় ও অভিজ্ঞতা বিনিময় করবেন। এতে অংশগ্রহণের মাধ্যমে তাসমিম জাহান আন্তর্জাতিক ৩ এর পাতায় দেখুন

ফিফার নতুন নিয়মে ফাইনালে ওঠার পথ সহজ আর্জেন্টিনাসহ ৪ দলের

কীর্তনখোলা ডেস্ক
বিশ্বকাপে শীর্ষস্থানীয় বা পরাশক্তি দেশগুলোকে যতটা সম্ভব লম্বা সময় টিকিয়ে রাখতে একটি নিয়ম আনে ফুটবলের সর্বোচ্চ নিয়ন্ত্রক সংস্থা ফিফা। ২০২৫ সালের নভেম্বরে উন্মোচিত এই নতুন নিয়মে নিশ্চিত করা হয়েছিল যে, চলতি বিশ্বকাপের সেমিফাইনালের আগে শীর্ষ চার বাছাই দেশ কোনোভাবেই একে অপরের মুখোমুখি হবে না। বাছাইয়ের সেই সূচি অনুযায়ী, তখন ফিফা র‍্যাংকিংয়ে এক নম্বর দল হিসেবে স্পেন এবং দুই নম্বরে ছিল আর্জেন্টিনা। নিয়ম মেনে এই দুই পরাশক্তিকে ড্রয়ের আলাদা দুই অর্ধে গ্রুপগুলোতে বণ্টন করা হয়েছিল। শীর্ষ চারের বাকি দুই দল ফ্রান্স এবং ইংল্যান্ডকেও একইভাবে ড্রয়ের বিপরীত দুই পাশে রাখা হয়। যার অর্থ দাঁড়ায়, সেমিফাইনালের আগে ইংল্যান্ডের সামনে স্পেন বা আর্জেন্টিনা পড়ার কোনো সুযোগ ছিল না, আর ফ্রান্সের সঙ্গে দেখা হওয়ার সম্ভাবনা ছিল কেবল ফাইনালে। তবে এই পুরো সমীকরণটি নির্ভর করছিল গ্রুপ পর্বের ফলাফলের ওপর; শীর্ষ চার ৩ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার:
এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স
শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে
বাঁধ রোড, বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা
সিরিয়ালের জন্য:
০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার:
মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ
কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল।
রোগী দেখার সময়:
প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা
সিরিয়ালের জন্য:
০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution.
Accessories Selling, Training
& Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com